২৮ বছরে

# বাংলা পত্রিকা

The Weekly Bangla Patrika

বর্ষ ২৮ ॥ সংখ্যা ৩৯ ॥ সোমবার ॥ আষাঢ় ১১ ॥ ১৪৩১ ॥ জ্বিলহজ্ব ১৭ ॥ ১৪৪৫ ॥ Vol. 28 ॥ Issue 39 ॥ June 24 ॥ 2024 ॥ USA. FREE in NY, Other State $1

-আল আকসা রেষ্টুরেন্ট
প্রবাসে বাংলাদেশী খাবারের স্বাদ
আল আকসা পার্টিহল
পার্কচেষ্টারে বাঙ্গালী মালিকানায় সবচেয়ে বড়







## স্তন্যপায়ীদের শরীরেও ‘বার্ড ফ্লু’র সন্ধান

**বাংলা পত্রিকা ডেস্কঃ** যুক্তরাষ্ট্রে ‘বার্ড ফ্লু’র প্রকোপ বৃদ্ধি পাচ্ছে। ইতিমধ্যেই ৩১টি ষ্টেট অসংখ্য বিড়াল এবং কুকুরের দেহে এভিয়ান ইনফ্লুয়েঞ্জা বার্ড ফ্লুর নতুন প্রজাতি জুনোটিক ট্রান্সমিশনের খোঁজ (বাকি অংশ ১২ পাতায়)

# ৫ হাজার ডলারের জন্য জেলে সিলেটি তরুণ

**বাংলা পত্রিকা রিপোর্টঃ** কাজ শেষে সাবওয়ে ট্রেনে ব্রঙ্কসের বাসায় ফিরছিলেন আলামিন রনি নামে ২৪ বছর বয়সের এক বাংলাদেশী তরুণ। এ সময় নিউইয়র্ক পুলিশ ডিপার্টমেন্টের ট্র্যানজিট ব্যুরো রনিকে গ্রেপ্তার করে জেলহাজতে পাঠিয়ে দেয়। রনির বাড়ি বাংলাদেশের সিলেটে। সে অভিবাসন প্রত্যাশী হিসেবে নিউইয়র্কে বসবাস করছে। নিউইয়র্কের একটি আদালত রনিকে ৫ হাজার বন্ডের বিনিময়ে জামিন মঞ্জুর করে। কিন্তু বন্ডের অর্থ না দিতে পারায় জেলেই আটকা আছে রনি। তার বিরুদ্ধে সেক্সচুয়াল হেরেজমেন্ট অভিযোগ আনা হয়েছে বলে জানা গেছে। অভিযুক্ত রনির সাথে আদালতে স্বল্প সময়ের জন্য দেখা হয় আরেক বাংলাদেশীর। ঐ ব্যক্তি নাম প্রকাশ না করার শর্তে রনির বরাত দিয়ে বাংলা পত্রিকাকে জানান, গত ১৫ এপ্রিল রনি কাজ থেকে বাসায় ফেরার পথে ট্রেনে ওঠেন। এ সময় ট্রেনে থাকা এক নারী ট্র্যানজিট ব্যুরো পুলিশ ডেকে রনিকে জড়িয়ে অভিযোগ দেন। ট্র্যানজিট ব্যুরো পুলিশ রনিকে সেখান থেকে আটক করে জেল হাজতে পাঠিয়ে দেয়। পরে ব্রঙ্কস স্টেট সুপ্রিম কোর্টে রনির আইনজীবি তার জামিন আবেদন করেন। কোর্ট রনিকে ঐ জামিনের জন্য ৫ হাজার ডলার বন্ড নির্ধারণ করেন। কোর্ট বন্ডের ৫ হাজার ডলারের মধ্যে ১ হাজার ডলার নগদ প্রদানের মাধ্যমে জামিন হতে পারে শর্ত আরোপ করেন। রনির বরাত দিয়ে ঐ ব্যাক্তি আরো জানান, রনি তাকে কেঁদে কেঁদে বলেছে যে, ঐ দিন যে নারী (বাকি অংশ ১২পাতায়)

# প্রবাসীদের অর্থ নিয়ে স্মল ওয়ার্ল্ড এর লাপাত্তা

**বিশেষ প্রতিনিধিঃ** পবিত্র ঈদুল আজহা-কে ঘিরে নিউইয়র্ক থেকে স্মল ওয়ার্ল্ড মানি ট্রান্সফার নামে একটি প্রতিষ্ঠানের মাধ্যমে প্রবাসী বাংলাদেশীরা দেশে অর্থ পাঠিয়ে ভোগান্তিতে পড়েছেন। সম্প্রতি প্রবাসীরা স্মল ওয়ার্ল্ডের মাধ্যমে রেমিট্যান্সের মাধ্যমে অর্থ পাঠিয়ে দেশে সেই অর্থ গ্রাহকরা পাননি বলে অভিযোগ উঠেছে। এদিকে নিউইয়র্কের ব্রঙ্কসে অবস্থিত স্মল ওয়ার্ল্ড মানি ট্রান্সফারের সকল কার্যক্রম বন্ধ রয়েছে। এ ঘটনার পর থেকে রেমিটেন্স পাঠানো নিয়ে প্রবাসী ও মানি ট্রান্সফার ব্যবসার সাথে জড়িতদের মধ্যে অস্বস্তি বিরাজ করছে। অন্যান্য মানি ট্রান্সফার ব্যবসার সাথে জড়িতদের সাথে আলাপ করে জানা যায়, এ রকম কোন প্রতিষ্ঠান যদি হঠাৎ করে দেউলিয়া কিংবা বন্ধ হয়ে যায় তবে গ্রাহকরা নিউইয়র্কের ফাইনান্সিয়াল অথরিটির কাছে নির্দিষ্ট প্রমাণসহ ক্লেইম করে অর্থ ফেরত পেতে পারেন। এ বিষয়ে অনুসন্ধান করতে স্মল ওয়ার্ল্ডের একাধিক এজেন্টের সাথে যোগাযোগ করা হয়। মানি ট্রান্সফার কার্যক্রম (বাকি অংশ ১২ পাতায়)




## খালেদা জিয়ার হৃদযন্ত্রে বসানো হলো পেসমেকার

**ঢাকা ডেস্কঃ** রাজধানীর এভারকেয়ার হাসপাতালে চিকিৎসাধীন বিএনপি চেয়ারপারসন ও সাবেক (বাকি অংশ ১০ পাতায়)

একদিকে অভিবাসীদের বৈধতার ঘোষণা অপরদিকে কলেজ গ্র্যাজুয়েটদের গ্রিন কার্ড

## ইমিগ্রেশন নীতি নিয়ে বাইডেন-ট্রাম্পের রাজনীতি





**বাংলা পত্রিকা ডেস্কঃ** যুক্তরাষ্ট্রে অবৈধভাবে বসবাস করা অভিবাসীদেরকে নাগরিকত্ব দিতে নতুন অভিবাসন পদক্ষেপ নীতি ঘোষণা করেছেন প্রেসিডেন্ট জো বাইডেন। আগামী নভেম্বরের নির্বাচনে রিপাবলিকান প্রার্থী ও সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের ঘোর বিরোধিতার মধ্যেও গত ১৭ জুন হোয়াইট হাউসে এ নতুন অভিবাসন পদক্ষেপের ঘোষণা করেন প্রেসিডেন্ট বাইডেন। প্রেসিডেন্সিয়াল নির্বাচনকে ঘিরে ডেমোক্র্যাট ও রিপাবলিকান শিবিরে জো বাইডেনের নতুন অভিবাসন নীতি নিয়ম ও (বাকি অংশ ১১ পাতায়)



ওমরাহ ভিসা মিলবে ২৪ ঘণ্টায়

## টানা ৮ বছর বসন্তে পালিত হবে হজ, এরপর শীতেও

**বাংলা পত্রিকা ডেস্কঃ** তীব্র গরমে এবার পবিত্র হজ পালিত হয়েছে। তবে গরমের তীব্রতায় রেকর্ডসংখ্যক হজযাত্রীর মৃত্যু হয়েছে। এরমধ্যে সৌদি আরব জানিয়েছে, আগামী বছর গ্রীষ্মে অনুষ্ঠিত হবে সর্বশেষ হজ। এরপর বসন্ত ও শীতে হজ পালিত হবে। সৌদি আরবের শুরা কাউন্সিলের সদস্য ও জলবায়ু পরিবর্তনবিষয়ক গবেষক ড. মনসুর আল মাজরু জানান, ২০২৫ সালে গ্রীষ্মে হজ অনুষ্ঠিত হবে। এরপর (বাকি অংশ ১১পাতায়)

## নিউইয়র্ক স্টেট সামার ইবিটি প্রোগ্রাম আবেদনের শেষ সময় ১ জুলাই

**বাংলা পত্রিকা ডেস্কঃ** আগামী ১ জুলাই নিউইয়র্ক স্টেট সামার ইবিটি প্রোগ্রামের এর সময় শেষ হতে যাচ্ছে। সিটি কর্মকর্তারা জানান, গ্রীষ্মে স্কুল বন্ধ থাকাকালীন নিউইয়র্কের কম আয়ের বাসিন্দারা ১ জুলাই পর্যন্ত ইবিটি প্রোগ্রামের জন্য আবেদন করতে পারবে। প্রোগ্রামের আওতায়, প্রয়োজনীয় খাদ্র সামগ্রী কিনতে স্কুলগামী শিশুদের মাসে ১২০ ডলার করে অর্থ প্রদান করা হয়। স্ন্যাপ কার্ডের মতো প্রতিটি বাচ্চাকে একটি কার্ড দেওয়া হয়। কর্মকর্তারা জানান, অনেক পরিবার (বাকি অংশ ১১ পাতায়)

পবিত্র কাবাঘরের চাবিরক্ষকের ইন্তেকাল

## কে হবেন কাবাঘরের ১১০তম চাবির বাহক



**বাংলা পত্রিকা ডেস্কঃ** পবিত্র কাবাঘরের চাবিরক্ষক শায়খ ড. সালেহ বিন জয়নুল আবেদিন আল-শায়বি ইন্তেকাল করেছেন। (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তিনি ছিলেন পবিত্র (বাকি অংশ ১১পাতায়)




টি-২০ বিশ্বকাপে দৌড় শেষ

## বাংলাদেশের আগেই হাল ছেড়ে দিয়েছেন সাকিব!

**স্পোর্টস ডেস্কঃ** আগামী মঙ্গলবার টি-টোয়েন্টি বিশ্বকাপের সুপার এইটে নিজেদের শেষ ম্যাচে লড়বে বাংলাদেশ ও আফগানিস্তান। দুদলের সমানে সুযোগ রয়েছে সেমিফাইনালে খেলার। তবে শেষ (বাকি অংশ ১১ পাতায়)














www.banglapatrikausa.com


JUDGE
Wendy
Li
উইন্ডি লী-কে
সারোগেটস কোর্ট জাজ
পদে ভোট দিন
Surrogate
Vote for one
Juez Sucedáneo
Vote por uno
Wendy C. Li
李昌永
이창영
ওয়েন্ডি লি
Sample
Ballot
▸ Fairness
▸ Compassion
▸ Respect for All
Endorsed by Asian American Bar Association of New York
Asian American Bar Association of New York
ডেমোক্র্যাট প্রাইমারী নির্বাচন
ভোট মঙ্গলবার, ২৫ জুন ২০২৪
www.VOTEforWENDYLI.com
আগাম ভোট ১৫-২৩ জুন
Scan here to find your voting site




## তীব্র গরমে গ্রী ম্যাকানিকেলের

(শেষের পাতার পর)

আলাদা করে কুলিং ও হিটিং সিস্টেম লাগানোর ঝামেলা থেকে মুক্তি মিলবে। এছাড়া এ প্রযুক্তি ব্যবহারে পাওয়া যাবে নিউ-ইয়র্ক স্টেটের বিশেষ অনুদান।

গ্রী ম্যাকানিকেল ইয়োঙ্কার্সের সত্বাধিকারী তোফায়েল চৌধুরীর সাথে আলাপকালে জানা যায়, তাদের প্রতিষ্ঠান দীর্ঘদিন ধরে নিউইয়র্ক স্টেটের বিভিন্ন আবাসিক ও ব্যবসায়িক প্রতিষ্ঠানে অত্যাধুনিক এয়ার কন্ডিশনিং সেবা দিয়ে আসছেন। চলতি বছরে তীব্র গরমে তারা নিয়ে এসেছেন অত্যাধুনিক এনার্জি সেভিং পরিবেশবান্ধব কুলিং ও হিটিং প্রযুক্তি। আবাসিক স্থাপনা ও ব্যবসা প্রতিষ্ঠানে এ প্রযুক্তি ব্যবহার করলে বৈদ্যুতিক সাশ্রয় এবং পরিবেশবান্ধব হবে। এ জন্য নিউইয়র্ক স্টেটের পক্ষ থেকে আবাসিক স্থাপনা ও ব্যবসা প্রতিষ্ঠানের মালিকগণ পাবেন সর্বোচ্চ রিবেট।

তোফায়েল চৌধুরী বলেন, ক্লাইমেট চেঞ্জের কারণে বিশ্বব্যাপী গরম বাড়ছে। গ্রীষ্মকালীন সময়ে অতীতকাল থেকে যে এয়াকন্ডিশন ব্যবহার করা হচ্ছে এতে বৈদ্যুতিক খরচ বেশি হয় ও পরিবেশের জন্য ক্ষতিকর। বর্তমানে যুক্তরাষ্ট্র সরকার নিউইয়র্ক স্টেটসহ সব স্টেটে ইকো ফ্রেন্ডলি এবং এনার্জি সেভিং ইলেকট্রনিক পণ্য ব্যবহারে জনগণকে উদ্বুত করছে। এ জন্য ইকো ফ্রেন্ডলি এবং এনার্জি সেভিং পণ্য ব্যবহারে বিশেষ সুবিধা ও অনুদান দিচ্ছে।

তোফায়েল চৌধুরী আরো বলেন, আমরা ইকো ফ্রেন্ডলি এবং এনার্জি সেভিং প্রযুক্তির এয়ারকন্ডিশন নিয়ে এসেছি সেটিতে কুলিংয়ের পাশাপাশি হিটিং প্রযুক্তি যুক্ত করা হয়েছে। শীতকালে আলাদা করে হিটিং স্থাপনের জন্য আলাদা খরচ করতে হবেনা। একটি মেশিন থেকে কুলিং ও হিটিং সুবিধা পাওয়া যাবে। বর্তমানে বাড়ি এবং ব্যবসা প্রতিষ্ঠানের মালিকরা যেসব এয়ারকন্ডিশন ও হিটিং প্রযুক্তি ব্যবহার করছেন সেটি অনেক ব্যয়বহুল। পরিবেশ বান্ধব এয়ারকন্ডিশন প্রযুক্তি ব্যবহারে সর্বোচ্চ ৫০ পার্সেন্ট পর্যন্ত বৈদ্যুতিক বিল সাশ্রয় করতে পারবেন। এছাড়াও এ প্রযুক্তি ব্যবহারে নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট কর্তৃপক্ষ গ্রাহককে বিশেষ অনুদান দিচ্ছে। আগে এ অনুদান পেতে সময় লাগতো। এখন আমরা পণ্য অর্ডারের সাথে সাথে এ রিবেট (অনুদান) দিয়ে থাকি।

তিনি বলেন, এখন অনেকের বাসায় উইন্ডো এসি রয়েছে। তারা অনেকে বাসার দেয়াল ছিদ্র হয়ে যাবে এই কারণে স্পিলিটার এসি ব্যবহার করতে চান না। এখন আমারা উইন্ডো এসি পরিবর্তন করে দেয়ালে ছিদ্র ছাড়াই নতুন প্রযুক্তির স্পিলিট এসি লাগিয়ে দিতে পারি। অনেকে সাশ্রয়ের জন্য কিছু সময় পর পর এসি অন-অফ করেন। এ ধারণা আসলে ভুল। কারণ এসি টার্ন অন-অফ এর সময় আরো বেশি বিদ্যুৎ খরচ করে। আমাদের নতুন প্রযুক্তির ইকো ফ্রেন্ডলি এবং এনার্জি সেভিং এসি রুমের ভিতর নির্দিষ্ট তাপমাত্রা সেট করে রাখলে অটোমেটিক রুমে ঐ তাপমাত্রায় বিদুৎ সাশ্রয় করে। তাছাড়া রুমের তাপমাত্রা স্বাভাবিক রাখার জন্য জানালায় ভারী পর্দা ব্যবহার করা উচিত।

তোফায়েল চৌধুরী আরো জানান, আগামী জুলাই মাস থেকে ইকো ফ্রেন্ডলি এবং এনার্জি সেভিং প্রযুক্তির উইন্ডো এসিও গ্রাহকদের চাহিদা অনুযায়ী সরবরাহ করতে পারবো। বিশ্বজুড়ে যে হারে বৈদ্যুতিক সোর্স কমছে তাতে ভবিষ্যতে নিজস্ব সোর্স ছাড়া বিদ্যুৎ ব্যবহার অনেক কস্টলি হয়ে যাবে। তাই সোলার এনার্জি ব্যবহারে অভ্যস্ত হতে হবে। আমাদের প্রযুক্তির নতুন এয়ারকন্ডিশন সোলার এনার্জিতেও চলবে।

বাংলাদেশী প্রতিষ্ঠান হিসেবে দেশীয় গ্রাহকদের বিশেষ সুবিধা প্রদানের আশ্বাস দিয়ে তিনি বলেন, আমাদের প্রতিষ্ঠানে সরাসরি না এসেও যে কেউ ফোনের মাধ্যমে নতুন প্রযুক্তির এ এয়ারকন্ডিশন অর্ডার করলে সর্বোচ্চ তিনদিনের মধ্যে আমাদের নিজস্ব কারিগররা গ্রাহকের বাসা কিংবা ব্যবসা প্রতিষ্ঠানে এসি লাগিয়ে দিয়ে আসবেন। আমাদের কাছ থেকে পণ্য নিলে ৩ বছর বিক্রোয়ত্তর সেবার পাশাপাশি এক বছরের মধ্যে এসি ত্রুটি দেখা দিলে সাথে সাথে তা রিপ্লেসমেন্ট গ্যারান্টি রয়েছে। এছাড়াও ১২ বছরের কম্প্রেসার ওয়ারেন্টি রয়েছে।

### কারাগারে বন্দী মুসলিমরা

# জামাতে পড়তে পারবেন জুম্মার নামাজ

**বাংলা পত্রিকা ডেস্ক:** মেরিল্যান্ডের প্রিন্স জর্জের কাউন্টি ডিপার্টমেন্ট অব কারেকশনস মুসলিম বন্দীদের জন্য একত্রে জুমার নামাজের অনুমতি দিয়ে নতুন নীতি গ্রহণ করেছে। এতে করে সেখানকার কারাগারে বন্দী মুসলমানরা একসাথে জামাতে জুম্মার নামাজ আদায় করতে পারবেন। ২০২১ সালে মেরিল্যান্ড মুসলিম প্রিজনার প্রজেক্ট দ্বারা উত্থাপিত দাবিগুলো নিয়ে অনেক আলোচনার পর ডিপার্টমেন্ট অব কারেকশনস এই ঘোষণা দেয়। গত মে মাসে মেরিল্যান্ড মুসলিম প্রিজ-নার প্রজেক্টের সঙ্গে একটি মিটিং চলাকালীন, প্রিন্স জর্জের কাউন্টি ডিপার্টমেন্ট অব কারেকশন ডিরেক্টর টেরেন্স ক্লার্ক, ইনমেট সার্ভিসেস ডিভিশনের প্রধান ড. গ্রেগরি বিয়ারস্টপ এবং অন্যান্য সংশোধনকারী প্রশাসনিক কর্মীরা নতুন নীতি বাস্তবায়নের পাশাপাশি অন্যান্য পদক্ষেপ নিয়ে আলোচনা করার জন্য মুসলিম চ্যাপলেন, কেয়ার এবং প্রিন্স জর্জের কাউন্টি মুসলিম কাউন্সিলের সঙ্গে দেখা করেছিলেন। সভায় প্রিন্স জর্জের কাউন্টি ডিপার্টমেন্ট অব কারেকশনস বন্দি মুসলমানদের জন্য ধর্মীয় সহায়তা পরিষেবাগুলো উন্নত করার প্রজেক্ট নেওয়া হচ্ছে বলে কর্মকর্তারা জানান। বর্তমানে সেখানে আনুমানিক ৮০০ বন্দির প্রায় এক-চতুর্থাংশ মুসলিম।

কেয়ারের মেরিল্যান্ড ডিরেক্টর জয়নাব চৌধুরী এ বিষয়ে বলেন, এই অগ্রগতি ডেডিকেটেড টিমওয়ার্ক, অনেক মিটিং, আলোচনা এবং কর্মচেষ্টার প্রতিফলন। আমরা ড. বিয়ারস্টপ, ডিরেক্টর ক্লার্ক, যারা আমলাতান্ত্রিক জটিলতার মধ্যেও কাজ করেছেন এবং এ মাইলফলক অর্জনে সাহায্য করেছেন তাদের সবাইকে ধন্যবাদ জানাই। সংগঠন হিসেবে কেয়ার আমাদের মুসলিম সম্প্রদায়ের সব সদস্যের অধিকার সুরক্ষিত করার জন্য গভীরভাবে প্রতিশ্রুতিবদ্ধ।

কারাগারে সংশোধনী সুবিধায় মুসলমানদেরকে ধর্মগুরু সেবাপ্রদানকারী ইমাম বুহেরা আবদুস সবুর বলেন, সব বন্দির জন্য ধর্মীয় আবাসন তাদের সংস্কারের একটি অবিচ্ছেদ্য অংশ এবং বৃহত্তরভাবে মুসলিম সম্প্রদায়ের জন্য সুখবর। এ পরিবর্তনে মুসলিম বন্দিদের চোখে আনন্দাশ্রু দিয়েছে। তারা যে আধ্যাত্মিক দিকনির্দেশনা পেয়েছে, তার ফলে আটকদের সুবিধাগুলোতে ধর্মীয় পরিষেবাগুলো পরিসংখ্যানগতভাবে সহিংসতার কাজগুলোকে হ্রাস করতে এবং মানসিক স্বাস্থ্যের ওপর যথেষ্ট ইতিবাচক প্রভাব ফেলবে। এটি একটি বড় খবর, যদিও মেরিল্যান্ড রাজ্যে এবং সারা দেশে আটকদের যথাযথ ধর্মীয় আবাসনের ব্যবস্থা করা হয়েছে, তা নিশ্চিত করার জন্য আমাদের এখনো একটি দীর্ঘপথ অতিক্রম করতে হবে।

চ্যাপলিন ইমাম তালিব আবদুস সামাদ বলেন, মেরিল্যান্ড মুসলিম প্রিজনার প্রজেক্টের পক্ষ থেকে আমরা ধীরে ধীরে যে অগ্রগতি অর্জন করেছি, তাতে আমরা খুবই উচ্ছ্বসিত। এটি একটি সহযোগিতামূলক প্রচেষ্টা এবং নিঃসন্দেহে ইতিবাচক। পিজিসিএমসি সভাপতি জামিল জনসন বলেন, পিজি-সিএমসি পরিচালক ক্লার্ক এবং সংশোধন বিভাগের কর্মী এবং স্বেচ্ছাসেবক ইমাম বুহেরা আব্দুস সবুর এবং তালিব আবদুস সামাদ বন্দিদের ধর্মীয় চাহিদা মিটমাট করার জন্য কাজ করছেন। লার্জ হকিন্সের কাউন্টি এক্সিকিউটিভ আলসোবরুকস এবং কাউন্টি কাউ-ন্সিলম্যানের সমর্থনের মাধ্যমে, আমরা জুম্মার নামাজ জামাতে আদায় করতে সক্ষম হচ্ছি। এখন পিজিসিএ-মসি, ইমাম এবং কেয়ার-মেরিল্যান্ডের সহযোগিতামূলক প্রচেষ্টার মাধ্যমে আমরা প্রিন্স জর্জের কাউন্টি ডিপার্টমেন্ট অব কারেকশনসের সঙ্গে একটি সম্পর্ক তৈরি করেছি যা স্টেটের সব সুবিধায় আমাদের ভাই ও বোনদের ধর্মীয় পরিষেবা উন্নত করবে।




বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika
Editor : Abu Taher
Tel: 718-482-9923, 718-482-1169
Fax: 718-482-9935

## সম্পাদকীয়

### সিলেটের বন্যা পরিস্থিতির অবনতি

## চাই কার্যকর উদ্যোগ

সিলেটের বন্যা পরিস্থিতির অবনতি হয়েছে। তথ্য মতে, পাহাড়ি ঢলের কারণে সৃষ্ট বন্যায় সিলেট জেলায় প্রায় চার লাখ মানুষ পানিবন্দি হয়ে পড়েছেন। বাড়িঘরে পানি উঠে পড়ায় আশ্রয়কেন্দ্রে গিয়েছেন প্রায় চার হাজার মানুষ। উল্লেখ্য, গত ১৭ জুন মঙ্গলবার সন্ধ্যায় ১৩ উপজেলা ও সিটি করপোরেশনের সবশেষ অবস্থা জানিয়ে সিলেট জেলা প্রশাসনের বন্যা বিষয়ক প্রতিবেদনে বলা হয়েছে, পাহাড়ি ঢল ও অতিবৃষ্টির কারণে সিলেটে আবার বন্যা পরিস্থিতির সৃষ্টি হয়েছে। সিলেটের নদনদীর পানি বিপৎসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে। আমরা মনে করি, সিলেটে দ্বিতীয় দফায় সৃষ্ট বন্যা পরিস্থিতির অবনতি হওয়ার বিষয়টি আমলে নেওয়া জরুরি। একইসঙ্গে পরিস্থিতি মোকাবিলায় সর্বাত্মক পদক্ষেপ গ্রহণেরও বিকল্প নেই।

জানা যায়, উজান থেকে আসা পাহাড়ি ঢল ও ভারী বর্ষণে মৌলভীবাজারের নদনদীর পানি বাড়ায় চার উপজেলার বেশ কয়েকটি ইউনিয়ন বন্যাকবলিত হয়ে পড়েছে। জেলা প্রশাসন থেকে বন্যাকবলিত এলাকার উঁচু স্থানের সব শিক্ষা প্রতিষ্ঠানকে আশ্রয়কেন্দ্র হিসেবে ঘোষণা করেছে। জেলার সবকটি নদীতে উজানে বৃষ্টি হওয়ায় নদীগুলো পানিতে টইটুম্বর। বাড়ছে মনু, ধলাই, কুশিয়ারা, জুড়ি, কন্টিনালা ও ফানাই নদীর পানি। মঙ্গলবার রাত পর্যন্ত ধলই বিপৎসীমার সমান্তরালে অতিবাহিত হলেও বাকি সবকটি নদী বিপৎসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে। এছাড়া ভারী বৃষ্টি ও উজানের ঢলে নিম্নাঞ্চল তলিয়ে যাওয়ার পাশাপাশি দেখা দিয়েছে নদী ভাঙনের শঙ্কাও। আমরা মনে করি, এই বিষয়গুলো এড়ানোর সুযোগ নেই।

আবার এটাও জানা গেছে যে, উজান থেকে নেমে আসা পাহাড়ি ঢল আর টানা ভারী বৃষ্টিপাতের কারণে কুড়িগ্রামের প্রধান দুই নদী তিস্তা ও দুধকুমার বিপৎসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে। ধরলা ও ব্রহ্মপুত্রের পানি প্রতিনিয়ত বেড়ে বিপৎসীমার খুব কাছে রয়েছে। হঠাৎ পাহাড়ি ঢল এসে সুনামগঞ্জ শহরের অধিকাংশ এলাকায় পানি ঢুকে পড়ায় বাসাবাড়ি ও ব্যবসা প্রতিষ্ঠানের ক্ষতি হয়েছে।

আমরা বলতে চাই, পানিবন্দি দশা কিংবা বন্যার মতো পরিস্থিতিতে, পানিবাহিত রোগবালাই এবং বিশুদ্ধ পানি সংকট তৈরি হয়- যা আমলে নিয়ে প্রয়োজনীয় পদক্ষেপ নিতে হবে। ভুলে যাওয়া যাবে না, পানিবন্দি মানুষের দুর্ভোগ কতটা চরমে ওঠে। দেশের বিভিন্ন সময়ের বন্যা পরিস্থিতি কিংবা পান্দিবন্দি দশায় মানুষ কতটা দুর্ভোগে পড়ে সেটি নানা সময়েই জানা গেছে। নানা ধরনের ফসল ডুবে যায়। শুকনো খাবার ও শিশু খাদ্যের তীব্র সংকটও তৈরি হয়। ফলে সামগ্রিক পরিস্থিতি যেমন আমলে নিতে হবে, তেমনি সৃষ্ট পরিস্থিতি মোকাবিলায় সর্বাত্মক উদ্যোগ গ্রহণ ও তার যথাযথ বাস্তবায়নে প্রচেষ্টা জারি রাখা অপরিহার্য।

সর্বোপরি আমরা বলতে চাই, বাংলাদেশ প্রাকৃতিক দুর্যোগপ্রবণ দেশ। প্রতি বছরই বন্যাসহ নানা ধরনের প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলা করতে হয়। ফলে, মনে রাখা দরকার, প্রাকৃতিক দুর্যোগকে রোধ করার কোনো উপায় নেই, কিন্তু প্রস্তুতি ও প্রয়োজনীয় পদক্ষেপ নিশ্চিত হলে ক্ষয়ক্ষতি অনেকটাই কমানো সম্ভব। ফলে সামগ্রিক বন্যা পরিস্থিতি আমলে নিতে হবে এবং পরিস্থিতি মোকাবিলায় সব ধরনের উদ্যোগ অব্যাহত রাখতে হবে।

# ভারতে মুসলিম প্রতিনিধিত্ব তলানিতে, হিন্দুত্ববাদে ফিকে হচ্ছে বহুত্ববাদ

॥ শুভজিৎ বাগচী ॥

ভারতের জাতীয় নির্বাচনে বিজেপি একক সংখ্যাগরিষ্ঠতা না পাওয়ায় এটিকে দেশি-বিদেশি সংবাদ মাধ্যম হিন্দুত্ববাদের পরাজয় হিসেবে দাবি করছে। তাদের এই দাবি যে কত অবান্তর, তা একটিমাত্র উদাহরণ দিয়ে বোঝানোর চেষ্টা করব। স্বাধীনতা-পরবর্তী সময়ে এই প্রথম ভারতের কেন্দ্রীয় মন্ত্রিসভায় কোনো মুসলমান মন্ত্রীর স্থান হয়নি। ২০১৪ সালে বিজেপি ক্ষমতায় আসার পর থেকেই লোকসভায় মুসলমান জনপ্রতিনিধির সংখ্যা কমছিল। এরপরও ২০১৪ ও ২০১৯ সালে সংখ্যালঘুবিষয়ক মন্ত্রণালয়টি পেয়েছিলেন দুজন মুসলিম এমপি। ২০১৪ সালে নাজমা হেপতুল্লাহ এবং ২০১৯ সালে মুখতার আব্বাস নাকভি। এবার কেউ নেই।

ভারতে ১৯৫২ সালের প্রথম নির্বাচন থেকে মুসলমান এমপির হার ৫ শতাংশের নিচে যায়নি। ১৯৫৭ সালে দেশভাগ ও সাম্প্রদায়িক আবহাওয়ার কারণে মুসলমান এমপির হার ৪ দশমিক ৬৬ এবং বাবরি মসজিদ ধ্বংসের পরবর্তী পর্যায়ে ১৯৯৬ সালে ৪ দশমিক ৯৭ শতাংশ হয়েছিল। এ ছাড়া প্রতিবারই ভারতে মুসলমান এমপির সংখ্যা লোকসভায় ছিল ৫ শতাংশের ওপরে।

এখানে লক্ষণীয়, কংগ্রেসের আমলেও লোকসভায় মুসলমান প্রতিনিধির হার সব সময়েই ঘোরাফেরা করেছে ৫ থেকে সাড়ে ৬ শতাংশের মধ্যে, এমনকি ভারতের ধর্মনিরপেক্ষ কাঠামোর প্রধান প্রবক্তা জওহরলাল নেহরু প্রধানমন্ত্রী থাকার সময়েও। যদিও ১৯৫২ সালের প্রথম নির্বাচন থেকে ভারতে মুসলমান জনসংখ্যা কখনোই ১০ শতাংশের নিচে যায়নি, জানিয়েছেন জামিয়া মিলিয়া ইসলামিয়া অধ্যাপক আদনান ফারুকি (পলিটিক্যাল রিপ্রেজেন্টেশন অব আ মাইনরিটি, রুটলেজ)।

কিন্তু ২০১৪ সালে বিজেপি ক্ষমতায় আসার পরে এই হার দ্রুত কমতে শুরু করে। ২০১৪ সাল থেকে পরপর তিনটি নির্বাচনে লোকসভায় মুসলমান এমপির গড় হার ৪ দশমিক ৪৮। ১৯৫২ থেকে ২০১৪ সাল পর্যন্ত এই গড় ছিল ৫ দশমিক ৮ শতাংশ। অর্থাৎ বিজেপি ক্ষমতায় আসার পরে লোকসভায় মুসলমান জনপ্রতিনিধিত্ব গড়ে দেড় শতাংশ কমে গিয়েছে।

২০১৪ সাল থেকে আরও উদ্বেগজনক একটা ঘটনা ঘটছে। বিজেপিবিরোধী সংখ্যাগরিষ্ঠ ও তথাকথিত ধর্মনিরপেক্ষ দলগুলোও লোকসভায় মুসলমান প্রার্থীদের মনোনয়ন দেওয়া সাংঘাতিক হারে কমিয়ে দিয়েছে।

২০১৪ সালে মোট ৩ হাজার ২৪৫ প্রার্থীর মধ্যে ৩২০ জন, অর্থাৎ ৯ দশমিক ৯ শতাংশ মুসলমান ছিলেন বলে 'মেজরিটেরিয়ান স্টেট' বইতে লিখেছেন ফরাসি অধ্যাপক ও ভারতের রাজনৈতিক বিশ্লেষক ক্রিস্টোফ জেফ্রোলে। ভারতের নির্বাচনে প্রার্থী বিশ্লেষক সংস্থা অ্যাসোসিয়েশন ফর ডেমোক্রেটিক রিফর্মস জানিয়েছে, ২০২৪ সালে অন্তত ৮ হাজার ৩৩৭ জন (এটা চূড়ান্ত সংখ্যা নয়, আরও বাড়তে পারে, কিন্তু কখনোই কমবে না) প্রার্থী নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করেছেন, যার মধ্যে মুসলমান প্রার্থীর সংখ্যা ৭৮, অর্থাৎ শূন দশমিক ৯৩ শতাংশ। মানে, ভারতে গত ১০ বছরে মুসলিম প্রার্থীর হার ৯ দশমিক ৯ থেকে কমে শূন্য দশমিক ৯৩ হয়ে গিয়েছে।

দিল্লির গবেষক আসিফ মুজতবাকে উদ্ধৃত করে 'মক্তব মিডিয়া'ই সম্প্রতি জানিয়েছে, এ মুহূর্তে যে আসনে মুসলমান জনসংখ্যা ও ভোটার বেশি রয়েছে, সেই আসন পরবর্তী সময়ে তফসিলি জাতি ও উপজাতির জন্য সংরক্ষিত হয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে ডিলিমিটেশনের কারণে।

কিন্তু ওপরের তথ্য থেকে পরিষ্কার, ধর্মনিরপেক্ষ দলগুলো বিজেপি বা হিন্দুত্বের ভয়ে মুসলমান প্রার্থী দেওয়া অসম্ভব হারে কমিয়ে দিয়েছে। যেমন কংগ্রেস ২০১৯ সালে দিয়েছিল ৩৪ জন, এবারে দিয়েছে ১৯। তৃণমূল কংগ্রেস তেরো থেকে নেমেছে ছয়ে, সমাজবাদী পার্টি আট থেকে চারে, লালুপ্রসাদ যাদবের রাষ্ট্রীয় জনতা দল পাঁচ থেকে দুইয়ে এবং বিজেপি তিন থেকে একে। তবে বিজেপি দু-একজনের বেশি মুসলমান প্রার্থী কোনোবারই দেয় না, এবারও দেয়নি।

ভারতে ২০১১ সাল থেকে মুসলমান জনসংখ্যার হার ১৪ দশমিক ২, অর্থাৎ ১৭ কোটির কিছু বেশি। ভারতে দীর্ঘদিন ধরে সেন্সাস বা আদমশুমারি রিপোর্ট প্রকাশ করা হয় না, ফলে এ সংখ্যা সম্ভবত আরও বেড়ে থাকতে পারে। মুসলমান সমাজ জনসংখ্যার অন্তত ১৪ দশমিক ২ শতাংশ হলেও এবার তাদের লোকসভায় প্রতিনিধিত্ব ৪ দশমিক ৪২ শতাংশ। যাবতীয় তথ্য প্রমাণ করে, মুসলমান সমাজের সক্রিয় রাজনীতিতে অংশগ্রহণ দ্রুতগতিতে কমছে।



এর অর্থ, ২০২৪ সালে নরেন্দ্র মোদির বিজেপি একক সংখ্যাগরিষ্ঠতা না পেলেও ভারতের রাজনীতির 'প্লুরালিস্ট' বা বহুত্ববাদী চরিত্র হারিয়ে হিন্দু সংখ্যাগরিষ্ঠতাবাদের কাঠামো প্রতি নির্বাচনেই শক্তপোক্ত হচ্ছে। ওপরের পরিসংখ্যানই এর সবচেয়ে বড় প্রমাণ। হিন্দুত্ববাদী দক্ষিণপন্থী দলের শক্তি কমুক বা বাড়ুক, বিজেপিবিরোধী ধর্মনিরপেক্ষ দলগুলো বিজেপির মোকাবিলা করতে গিয়ে আরও নিরাপত্তাহীনতায় ভুগে কমসংখ্যক মুসলমান প্রার্থী দিচ্ছে। তারা ধরেই নিচ্ছে যে, হিন্দু অঞ্চলে বা এমনকি সেখানে বড়সংখ্যক মুসলমান ভোটার রয়েছেন, সেখানেও মুসলমানদের জেতার সম্ভাবনা কম। এর ফলে মুসলমানরা শুধু সেই অঞ্চলেই মনোনয়ন পাচ্ছেন, যেখানে সংখ্যালঘু সম্প্রদায়ের সংখ্যা ৫০ শতাংশ বা তার বেশ খানিকটা বেশি।

এটা চলতে থাকলে নিশ্চিতভাবে ভারতে মুসলমান সমাজ ভারতের কয়েকটি অঞ্চলের মধ্যে সীমাবদ্ধ হয়ে পড়বে। এখনো যেমন কিছু অঞ্চলে, যেখানে হিন্দু ভোটার বেশি, সেখানে মুসলমান প্রার্থীরা প্রতিদ্বন্দ্বিতা করছেন বা জিতছেন, সেটা আর ভবিষ্যতে হবে না। এবারেই পশ্চিমবঙ্গে মোট ছয়জন এমপির মধ্যে পাঁচজন এসেছেন মুসলমান সংখ্যাগরিষ্ঠ মালদহ ও মুর্শিদাবাদ জেলা থেকে। ভবিষ্যতে এই 'ট্রেন্ড' সম্ভবত আরও বাড়বে। রাজ্যস্তরের নির্বাচনগুলোকে বিশ্লেষণ করলেও মোটামুটিভাবে একই ফল পাওয়া যাবে।

এখানে এটাও উল্লেখ্য, বিজেপি নেতৃত্বাধীন ক্ষমতাসীন ন্যাশনাল ডেমোক্রেটিক অ্যালায়েন্সের (এনডিএ) একজন মুসলমান প্রার্থী এবারের নির্বাচনে জেতেননি। বস্তুত, এনডিএর ২৯৩ জন এমপির মধ্যে মুসলিম, খ্রিষ্টান বা শিখ সমাজের সংখ্যালঘু এমপি একজনও নেই। শুধু উত্তর-পূর্ব ভারতের অরুণাচল প্রদেশ থেকে বিজেপির এক বৌদ্ধ এমপি এবারেও জিতেছেন।

মুসলমান জনপ্রতিনিধিত্ব কমার আরও কারণ

ভারতের লোকসভায় মুসলমান প্রতিনিধিত্ব ভবিষ্যতে আরও কমবে বলে মনে করছেন পর্যবেক্ষকেরা। সে কারণেই মুসলমান সম্প্রদায়ের বিষয় নিয়ে ভারতে যে ওয়েবসাইটটি নিয়মিত লেখালেখি করে, সেই 'মক্তব মিডিয়া'য় গত বছরে এক উপসম্পাদকীয়তে সমাজকর্মী ও সাংবাদিক শার্জিল ইমাম আনুপাতিক হারের ভিত্তিতে মুসলমান জনপ্রতিনিধি ভারতের পার্লামেন্টে পাঠানোর পক্ষে বক্তব্য দিয়েছিলেন।

পর্যবেক্ষকেরা মনে করছেন, আগামী দিনে যখন কেন্দ্রীয় স্তরে ভোটার বৃদ্ধির কারণে নতুন করে নির্বাচনী কেন্দ্র ভাগ হবে (ডিলিমিটেশন), তখন মুসলমান প্রতিনিধিত্ব আরও কমবে।

দিল্লির গবেষক আসিফ মুজতবাকে উদ্ধৃত করে 'মক্তব মিডিয়া'ই সম্প্রতি জানিয়েছে, এ মুহূর্তে যে আসনে মুসলমান জনসংখ্যা ও ভোটার বেশি রয়েছে, সেই আসন পরবর্তী সময়ে তফসিলি জাতি ও উপজাতির জন্য সংরক্ষিত হয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে ডিলিমিটেশনের কারণে।

পর্যবেক্ষকদের মতে, এ ঘটনা সম্প্রতি ঘটেছে আসামে। ফলে, ভবিষ্যতে ভারতে বিজেপি হারতে বা জিততেও পারে, কিন্তু পার্লামেন্টে মুসলমান প্রতিনিধিত্ব যে কমবে, তা নিয়ে বিশেষ সন্দেহ পর্যবেক্ষকদের নেই।

বিজেপি এককভাবে সংখ্যাগরিষ্ঠতা পাক বা না পাক, এটা যদি হিন্দুত্ববাদের বিজয় না হয়, তাহলে কী?

***লেখক: প্রথম আলোর কলকাতা সংবাদদাতা***

## নামাজের সময়-সূচী

| জুন | ২৪ | ২৫ | ২৬ | ২৭ | ২৮ | ২৯ | ৩০ |
|---|---|---|---|---|---|---|---|
| ফজর | ৩.৪৬ | ৩.৪৬ | ৩.৪৭ | ৩.৪৭ | ৩.৪৮ | ৩.৪৮ | ৩.৪৯ |
| সূর্যোদয় | ৫.২৪ | ৫.২৫ | ৫.২৫ | ৫.২৫ | ৫.২৬ | ৫.২৬ | ৫.২৭ |
| জোহর | ১২.৫৮ | ১২.৫৮ | ১২.৫৯ | ১২.৫৯ | ১২.৫৯ | ১২.৫৯ | ১২.৫৯ |
| আসর | ৬.১২ | ৬.১৩ | ৬.১৩ | ৬.১৩ | ৬.১৩ | ৬.১৩ | ৬.১৩ |
| মাগরিব | ৮.৩১ | ৮.৩১ | ৮.৩১ | ৮.৩১ | ৮.৩১ | ৮.৩১ | ৮.৩১ |
| এশা | ১০.১১ | ১০.১১ | ১০.১১ | ১০.১০ | ১০.১১ | ১০.১১ | ১০.১১ |

## বিশেষ ঘোষণা

নিউইয়র্ক থেকে প্রকাশিত বাংলা পত্রিকা সপ্তাহের প্রথম অর্থাৎ সোমবারের পত্রিকা। বিগত ২৭ বছর বাংলা পত্রিকা নিয়মিত প্রকাশের পর ২৮ বছরে পা রেখেছে। বাংলা পত্রিকা কর্তৃপক্ষ তার পাঠকদের প্রতি সপ্তাহেই নতুন নতুন খবর, প্রবন্ধ, নিবন্ধ, ফিচার প্রভৃতি উপহার দিতে প্রতিশ্রুতিবদ্ধ। তাই প্রকাশের ক্ষেত্রে যেকোন নতুন এবং মৌলিক লেখা সর্বাধিক গুরুত্বের দাবী রাখে। আমরা আমাদের লেখকদেরকে মৌলিক লেখা ইমেইলে (banglapatrikausa@gmail.com) পাঠানোর জন্য বিনীতভাবে অনুরোধ রাখছি। যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের বিভিন্ন জাতীয় দিবসের লেখা ১৫দিন আগে ইমেইলে পাঠানোর জন্যও অনুরোধ রইলো।

বাংলা পত্রিকা প্রিন্ট ভার্সনের পাশাপাশি এখন ওয়েব সাইডেও পাওয়া যায়। আর পূর্ণ বাংলা পত্রিকা'র পিডিএফ ভার্সন পেতে আগ্রহীদেরকে তাদের ইমেইল নম্বর পাঠাতে বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

**- সম্পাদক।**




# বাংলাদেশ স্পোর্টস কাউন্সিল অফ আমেরিকা ফুটবল লিগের উদ্বোধন

**বাংলাপত্রিকা রিপোর্টঃ** নিউইয়র্কের এলমার্স্ট নিউটাউন হাইস্কুল মাঠে সাতদিনব্যাপী বাংলাদেশ স্পোর্টস কাউন্সিল অফ আমেরিকা ফুটবল লিগের উদ্বোধন করা হয়েছে।

২৩ জুন থেকে শুরু হওয়া এ লীগটির খেলা চলবে প্রতি সপ্তাহের রবিবার। এবং ফাইনাল খেলা হবে আগস্ট ১১ তারিখ।

উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বাংলাদেশ আমেরিকা কনসোল জেনারেল নাজমুল হুদা, সাধারণ সম্পাদক খায়রুল ইসলা পস্থিত ছিলেন। এ সময় প্রধান অতিথির বক্তৃতায় বাংলাদেশ আমেরিকা কনসোল জেনারেল বলেন যুবকদের মাদক থেকে দূরে রাখা রাখতে হলে আর বিকল্প নেই। তিনি যুবকদের আরও বেশি বেশি খেলাধুলায় মনোনিবেশ করার জন্য এ ধরনের আয়োজন বাঙালি কমিউনিটিতে আরো বেশি দরকার বলে মনে করেন। খেলার প্রথম ম্যাচে ওজন পার্ক ফাইটার্স ক্লাব এক শূন্য গোলে হারায় ব্রঙ্কস ইউনাইটেড কে। দ্বিতীয় খেলা যুব সংঘ এক শূন্য গোলে হারায় সন্দীপ ইউনাইটেডকে । প্রতি রোববার লীগ পর্যায়ের ৩টি করে খেলা অনুষ্ঠিত হবে।




# ব্রঙ্কসে আমেরিকান বাংলাদেশী ঈদ আনন্দ মেলা

**বাংলাপত্রিকা রিপোর্টঃ** আমেরিকান বাংলাদেশ ওয়েলফেয়ার অর্গানাইজেশন সোসাইটি অব ইউএসএ ইনক এর আয়োজনে ব্রঙ্কসে একদিনব্যাপী অনুষ্ঠিত হলো আমেরিকান বাংলাদেশী ঈদ আনন্দ মেলা

ঈদ আনন্দমেলায় এটর্নি মইন চৌধুরী, বাংলাদেশ কনসোল জেনারেল নাজমুল হুদা, টাইম টেলিভিশন সি ই ও আবু তাহেরসহ অনেকেই উপস্থিত ছিলেন। মলোয় দর্শকদের বিনোদনের জন্য সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। মেলায় খাবারের দোকান, বাচ্চাদের খেলনা সামগ্রী, বাংলাদেশী, এবং বিভিন্ন বিদেশি কাপড়ের দোকান নিয়ে বসেন শৌখিন ও বিভিন্ন অনলাইন ভিত্তিক উদ্যোক্তা এবং ব্যবসায়ীরা। এ সময় মেলা প্রাঙ্গণ বাংলাদেশীদের পদচারণায় মুখরিত হয়ে ওঠে মেলা প্রাঙ্গণ।



# Tax & Consulting Services
for Individual and Businesses

## Southeast USA Group Inc.



**OUR SERVICES**
- Tax Preparation & Planning
- Audits, Reviews, Compilations
- Bookkeeping/Write-Up
- Business Consulting
- IRS Representation
- Notary Public
- Payroll Services
- Retirement Planning
- Sales Tax Services

(917) 566-1612

**Prof. Ehteshamul Haque**
Financial & Business Planning

74-09 37th Avenue, Suite #206, Jackson Heights, NY 11372
Visit: www.southeastusagroup.com

---

# Akash Medical Care
আকাশ মেডিক্যাল কেয়ার



Akash Ferdaus MD
Akash Medical Care
Internal & Geriatric Medicine

হার্টের ডাক্তার
Sudesh Srivastava MD
Cardiologist

পায়ের ডাক্তার
Dr. Nayeem Haque
Podiatic Surgeon

FOR APPOINTMENT
**718-431-0009**
Hours:
Mon-Sat 10 AM to 8 PM

79 Church Avenue, Brooklyn, NY 11218

---

# LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW

## ACCIDENT / IMMIGRATION / DIVORCE

ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ। ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স

বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস

সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ

ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার

**MURAD HOSSAIN** MSS, LLB (DU), LLM USA, DTL UK

347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

---

# ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী



- ইমিগ্রেশন
- রিয়েল এস্টেট
- এক্সিডেন্ট
- ল্যান্ডলর্ড-টেনেন্ট
- ব্যাংক্রাপসি
- ডিভোর্স সহ বিভিন্ন

সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।

**মোহাম্মদ এ. আজিজ** Esq
এটর্নী এট ল'

For Appointment: **(917)-434-3338**
Tel: 212-695-0055, Fax: 212-695-0056, e-mail: azizbbn@yahoo.com
421 7th Avenue, Suite# 905, New York, NY 10001

---

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেনী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



# অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'

আমেরিকায় যে কোন নতুন ব্যবসায় ন্যূনতম বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এদেশে ব্যবসা করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।

তাছাড়া ১ মিলিয়ন বা ন্যূনতম ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

বৈধভাবে এদেশে আপনার বিনিয়োগের অর্থ আনয়নে আমাদের সাথে পরামর্শ করতে পারেন।

দেশে কোন কোম্পানীর মালিক/পরিচালক হলে আপনি ও আপনার পরিবার খ ঠংধ'র সুবিধা নিতে পারেন এবং দু'বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

* আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিগ্যালাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
* আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
* আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

# Law Offices of Ashok K. Karmaker, P.C.

**Queens Main Office:** Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
**Tel: (212) 714-3599, (718) 408-3282.** Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
**Tel: (718) 662-0100,** Fax: (347) 305-8383, Email: info.klpllc@gmail.com, Web: www.k-lpllc.com
**Dhaka Office:** US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

# ছয় মাসেই আওয়ামী লীগ এত চাপে কেন

৷৷ সোহরাব হাসান ৷৷

বিএনপি ও এর সহযোগী সংগঠনগুলোর কমিটিতে হঠাৎ সংযোজন-বিয়োজনের ঘটনায় আওয়ামী লীগ নেতারা উল্লাস প্রকাশ করতে পারেন। ভাবতে পারেন, প্রতিপক্ষ যত দুর্বল হবে, তাদের শক্তি ও জনপ্রিয়তা তত বাড়বে। কিন্তু মাঠপর্যায়ের চিত্র তা মোটেই সমর্থন করে না। পেশাগত কারণে আওয়ামী লীগের বিভিন্ন স্তরের নেতাদের সঙ্গে প্রায়ই কথা হয়। ব্যক্তিগত আলাপে অনেকে দুঃখ-বেদনার কথা বলেন। ক্ষোভের কথা জানান। সাম্প্রতিক আজীম-বেনজির-আজিজ কান্ডের কথা উল্লেখ করে সংসদ সদস্যদেরও কেউ কেউ খেদ প্রকাশ করে বলেন, সরকার তো আওয়ামী লীগ চালাচ্ছে না। আওয়ামী চালালে এসব কান্ড ঘটতে পারত না।

নির্বাচনের পর সরকারের জন্য বড় চ্যালেঞ্জ ছিল নিত্যপণ্যের দাম কমানো। কিন্তু সেটি তারা করতে পারেনি। বিশেষ করে খাদ্য পণ্যের দাম লাফিয়ে লাফিয়ে বাড়ছে। গত পনের বছরে যদি কোনো খাতে বড় ধরনের ধস নেমে থাকে, সেটা হলো ব্যাংকিং খাত।

নানা কায়দা কৌশল করেও সরকার মন্দ ব্যাংকগুলোকে টেনে তুলতে পারছে না। খেলাপি ঋণের পরিমাণ বেড়েই চলেছে। অন্যদিকে বৈদেশিক মুদ্রার রিজার্ভ কমে যাচ্ছে। বাজেটের ঘাটতি মোকাবিলা করতে হচ্ছে দেশীয় ও বিদেশি উৎস থেকে ঋণ নিয়ে। ব্যবসায়ীদের শঙ্কা সরকার দেশীয় উৎস থেকে বেশি ঋণ নিলে তারা বেকায়দায় পড়বেন। ঋণ পাবেন না।

ফলে টানা চতুর্থ মেয়াদে ক্ষমতায় আসার পর আওয়ামী লীগের নেতা-কর্মীদের যেমনটি ফুরফুরে মেজাজে থাকার কথা, তার ছিটেফোঁটাও দেখছি না। ছয় মাসের মাথায় দলটি ঘরে-বাইরে এতটা চাপের মধ্যে পড়বে কেউ ভাবেননি।

প্রথমত, আওয়ামী লীগ একতরফা নির্বাচনে জিতে মনে করেছিল, তাদের সামনে আর কোনো চ্যালেঞ্জ নেই। জাতীয় সংসদে তাদের একক আধিপত্য, প্রশাসনের নিরঙ্কুশ কর্তৃত্ব, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী তাদের কথার বাইরে কিছু করবে না। এখন প্রতিদ্বন্দ্বীহীন আওয়ামী লীগ নিজেই নিজের প্রতিদ্বন্দ্বী হয়ে উঠেছে।

নির্বাচনের আগে যুক্তরাষ্ট্র কঠোর মনোভাব দেখালেও নির্বাচনের পর তারাও দৃশ্যত অবস্থান বদলেছে। মার্কিন কর্মকর্তারা বলছেন, অতীত পেছনে ফেলে তারা সম্পর্ককে এগিয়ে নিতে চান। তাদের এই কথার আড়ালে আরও কোনো কথা আছে কি না, সেটাও ভাবার বিষয়। যুক্তরাষ্ট্রের সহকারী পররাষ্ট্রমন্ত্রী ডোনাল্ড লু যেদিন দ্বিপক্ষীয় সম্পর্ক জোরদার করার কথা বললেন, তার দুই দিন পরই সাবেক সেনাপ্রধান আজিজ আহমেদের বিরুদ্ধে আমেরিকান ভিসা নিষেধাজ্ঞা জারি হলো। এটা নিশ্চয়ই সরকার তথা আওয়ামী লীগের জন্য স্বস্তিকর নয়।

বিএনপি ও সমমনা দলগুলোর বর্জনের মুখে আওয়ামী লীগ নির্বাচনকে প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ দেখাতে এক অভিনব কৌশল নিল, যা বহুদলীয় গণতন্ত্রে দেখা যায় না। দল একজনকে মনোনয়ন দিয়ে অন্যদেরও বলল, 'তোমরাও প্রতিদ্বন্দ্বিতা করতে পার'।

আওয়ামী লীগ সরকারের আমলে যাঁরা প্রশাসনের শীর্ষ পদে ছিলেন, তাঁদের দু-একজন সম্পর্কে যেসব তথ্য-উপাত্ত আসছে, সেটা ভয়ংকর। প্রথমে সাবেক পুলিশপ্রধান বেনজীর আহমেদের বিপুল সম্পদের হদিস পাওয়া গেল। বান্দরবান থেকে গোপালগঞ্জের প্রত্যন্ত অঞ্চল, ঢাকার অভিজাত এলাকা থেকে গাজীপুরের ভাওয়াল–সবখানেই তাঁর ও তাঁর পরিবারে সদস্যদের নামে সম্পদ আছে। আছে ডজন ডজন ফ্ল্যাট ও প্লট।

এ অবস্থায় আওয়ামী লীগের নির্বাচনী বিরোধ এখন ঘরে ঘরে, পাড়ায় পাড়ায় ছড়িয়ে পড়েছে। নৌকার বিরুদ্ধে প্রতিদ্বন্দ্বিতা করে যাঁরা এমপি হয়েছেন, তাঁরা মনে করেন, তাঁরা দলের চেয়ে ক্ষমতাবান। নৌকা নেওয়ার পরও যারা পরাজিত হয়েছেন, তাঁরা মনে করেন, দল তাদের ধাপ্পা দিয়েছে।



দেশে এখন যে গণতন্ত্র চলছে, সেটা পুরোপুরি এমপিনির্ভর। এমপি হলে স্থানীয় প্রশাসন তাঁর সঙ্গে থাকবে। এমপি হলে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর কর্মকর্তারা তাঁর নির্দেশ মেনে চলবে। এমপি হলে উপজেলা পরিষদ, জেলা পরিষদ, ইউনিয়ন পরিষদ সবই তার হুকুমমতো চলবে।

উপজেলা নির্বাচনে এমপি-মন্ত্রী ও সাবেক মন্ত্রীরা যে কেন্দ্রের নির্দেশ অগ্রাহ্য করে স্বজনদের দাঁড় করিয়েছেন, তার পেছনেও এই মনস্তত্ত্ব কাজ করেছে। দলের পক্ষ থেকে বলা হয়েছিল, মন্ত্রী-এমপিদের স্বজনদের যেন উপজেলায় প্রার্থী করা না হয়। বেশির ভাগ মানেননি এবং এমপিরা নিজেদের স্বজন ও পছন্দের লোকদের জিতিয়ে এনেছেন। অর্থাৎ কিছু ব্যতিক্রম ছাড়া সারা দেশে এমপিতন্ত্র প্রতিষ্ঠিত হয়েছে।

প্রথম আলোর বিশ্লেষণে দেখা যায়, 'নির্বাচিত উপজেলা চেয়ারম্যানদের ৭০ শতাংশের বেশি মন্ত্রী-সংসদ সদস্যদের স্বজন কিংবা ঘনিষ্ঠ, যা নির্বাচনী এলাকায় মন্ত্রী-সংসদ সদস্যদের আধিপত্য বিস্তারে সহায়ক হবে বলে মনে করছেন ক্ষমতাসীন দলের নীতিনির্ধারকেরা। নির্বাচিত চেয়ারম্যানদের মধ্যে ৩৩ জন বর্তমান মন্ত্রী-সংসদ সদস্যদের স্বজন। আরও তিন শতাধিক বিজয়ী চেয়ারম্যান স্থানীয় মন্ত্রী ও সংসদ সদস্যদের পছন্দের। সব মিলিয়ে মন্ত্রী-সংসদ সদস্যদের স্বজন ও ঘনিষ্ঠদের সংখ্যা ৩৫০, যা মোট উপজেলা চেয়ারম্যানের প্রায় ৭৭ শতাংশ।' উপজেলা নির্বাচনকে কেন্দ্র করে সংঘাতে সাতজন নিহত হয়েছেন। আহত প্রায় এক হাজার। তাঁদের প্রায় সবাই আওয়ামী লীগের দলীয় নেতা-কর্মী।

এই মুহূর্তে আওয়ামী লীগকে সবচেয়ে বেশি বেকায়দায় ফেলেছে ঝিনাইদহ-৪ আসনের এমপি আনোয়ারুল আজীম ওরফে আনার খুনের ঘটনা। গত ১৩ মে তিনি কলকাতায় খুন হন। সোনা চোরাচালান নিয়ে বিরোধের জেরে তাঁকে খুন করা হয় বলে সংবাদমাধ্যমে এসেছে। খুনের প্রধান পরিকল্পক হিসেবে মো. আক্তারুজ্জামান ওরফে শাহীনের নাম এসেছে। তিনি তাঁর পরিকল্পনা বাস্তবায়ন করতে কলকাতায় বাড়ি ভাড়া করেন, ঢাকা থেকে খুনিদের নিয়ে যান। আওয়ামী লীগ এত দিন এটাকে দলের দায় বলে চালিয়ে দিয়েছে। কিন্তু আনোয়ারুল আজীম খুনের ঘটনায় অভিযুক্ত শিমুল ভূঁইয়া জবানবন্দিতে স্থানীয় আওয়ামী লীগের দুই নেতার নাম বলেছেন। তাঁরা হলেন ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম ওরফে মিন্টু এবং ত্রাণ ও সমাজকল্যাণ সম্পাদক কাজী কামাল ওরফে বাবু। তবে আসামির স্বীকারোক্তিমূলক জবানবন্দীকে শত ভাগ সত্য ধরে নেওয়ারও কারণ নেই। এটা বিচার প্রক্রিয়ার অকাট্য প্রমাণ হিসেবেও ধরা হয় না।

আওয়ামী লীগ কিংবা এর সহযোগী ছাত্র সংগঠনের অভ্যন্তরীণ দ্বন্দ্বে খুনো-খুনির ঘটনা নতুন নয়। ১৯৭৪ সালে মহসিন হলে ব্রাশফায়ার করে ছাত্রলীগের সাতজন নেতা-কর্মীকে খুন করেন প্রতিদ্বন্দ্বী গ্রুপের সদস্যরা। যাঁরা সেদিন সাত ছাত্রনেতাকে খুন করেছিলেন, তাঁরাই পরদিন ক্যাম্পাসে খুনের বিচার চেয়ে মিছিল করেছিলেন। সাত খুনের প্রধান আসামি শফিউল আলম প্রধানসহ কয়েকজন দন্ডিত হয়েছিলেন। পরবর্তী সময় প্রধান জিয়াউর রহমানের অনুকম্পায় মুক্ত হয়ে আওয়ামী লীগবিরোধী রাজনীতি করেন।

আওয়ামী লীগ সরকারের আমলে যাঁরা প্রশাসনের শীর্ষ পদে ছিলেন, তাঁদের দু-একজন সম্পর্কে যেসব তথ্য-উপাত্ত আসছে, সেটা ভয়ংকর। প্রথমে সাবেক পুলিশপ্রধান বেনজীর আহমেদের বিপুল সম্পদের হদিস পাওয়া গেল। বান্দরবান থেকে গোপালগঞ্জের প্রত্যন্ত অঞ্চল, ঢাকার অভিজাত এলাকা থেকে গাজীপুরের ভাওয়াল–সবখানেই তাঁর ও তাঁর পরিবারে সদস্যদের নামে সম্পদ আছে। আছে ডজন ডজন ফ্ল্যাট ও প্লট।

অনেকে ভেবেছিলেন, প্রশাসনকে ব্যবহার করে এক বেনজীরই বিপুল সম্পদের মালিক হয়েছেন। গত ১৫ বছরে আরও কত প্রশাসনের উর্ধ্বতন কর্মকর্তা আওয়ামী লীগকে ব্যবহার করে আখের গুছিয়েছেন, বিদেশে সম্পদ পাচার করেছেন, তা খতিয়ে দেখা দরকার। কয়েক বছর আগে সাবেক পররাষ্ট্রমন্ত্রী এম এ মোমেন বিদেশি সংস্থার প্রতিবেদনের বরাত দিয়ে বলেছিলেন, দেশ থেকে সম্পদপাচারকারীদের তালিকায় সাবেক আমলারাই শীর্ষে। আমলাদের পর এসেছে রাজনীতিকদের নাম।

ঈদের আগের দিন উত্তরাঞ্চলের এক আওয়ামী লীগ নেতা খেদের সঙ্গে বললেন, সরকার আওয়ামী লীগের হলেও প্রশাসন আওয়ামী লীগের নয়। বিএনপির কথা এলেই আওয়ামী লীগের নেতারা বড়াই করে বলেন, বিএনপি সামরিক শাসকের দল। ওই দলে গণতন্ত্র নেই। তারা নিয়মিত সম্মেলন করে না। প্রেস বিজ্ঞপ্তি দিয়ে কমিটি করে। কিন্তু আওয়ামী লীগ সম্মেলন করলেও কয়টি কমিটি কাউন্সিলদের ভোটে করেছে, সেই হিসেব নেওয়া দরকার। দলের মহানগর, জেলা ও উপজেলা পর্যায়ের অধিকাংশ কমিটি হয় ওপরের নির্দেশে। সম্মেলনের পর সভাপতি ও সাধারণ সম্পাদকের নাম ঘোষণা করলেও পূর্ণাঙ্গ কমিটি হতে বছরের পর বছর পার হয়ে যায়। সে ক্ষেত্রে আওয়ামী লীগ ও বিএনপির পার্থক্য অনুষ্ঠানগত, মর্মগত নয়। দুই দলের গঠনতন্ত্রে গণতান্ত্রিকভাবে নেতৃত্ব তৈরির যে বিধান আছে, কোথাও তা মানা হয় না। সব সিদ্ধান্ত নেওয়ার দায়িত্ব একজনকে দেওয়া হয়। এ ক্ষেত্রে আওয়ামী লীগ ও বিএনপির মধ্যে অদ্ভুত মিল আছে।

*লেখক: প্রথম আলোর যুগ্ম সম্পাদক ও কবি*


DR. SADI ALAM, DPM
Foot Specialist
পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক
Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432
Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 486 McDonald Ave, Brooklyn, NY 11218
Alam Podiatry, P.C.
Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462
FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com
WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়
আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী
বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।
বিনামূল্যে ব্লাড সুগার মনিটর
২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে
প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়
ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই
এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়






নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে
আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।





আমরা বাংলায় কথা বলি
❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং
PARKCHESTER FAMILY PHARMACY
১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ (347) 851-2688
আমাদের অন্য কোন শাখা নেই
আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।

# ইমিগ্রেশন ও আপনি



এটর্নী শাকিল এইচ কাজমী

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি' শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্য রইলো আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবনই আমাদের কাম্য, আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্যে প্রস্তুত। এ বিভাগ আপনাদেরই জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো। প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহে আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

**জুলাই ২০২৪ ভিসা বুলেটিনঃ**

ইউএস স্টেট ডিপার্টমেন্ট অব স্টেট (ডিওএস) জুলাই ২০২৪'র ভিসা বুলেটিন প্রকাশ করেছে। নিচে জুলাই ২০২৪ এর পারিবারিক ভিত্তিতে ভিসার প্রাপ্যতা দেয়া হলো। ফাইনাল এ্যাকশন ডেট বলতে বুঝানো হয়, ইউএসসিসআইএস/ডিওএসতাদের চূড়ান্ত সিদ্ধান্ত জানায়, আবেদনকারীদের আবেদনের প্রেক্ষিতে। আপনাদের আবেদনের তারিখ হবে ঐ তারিখের পূর্বে। জুলাই ২০২৪'র ভিসা বুলেটিনের সার্বিক পর্যালোচনা করে দেখা যায় অধিকাংশ ফ্যামিলি ভিত্তিক ক্যাটাগরির চলমানতা ভালো।

**ফ্যামিলি স্পন্সরড অগ্রাধিকার**

প্রথম (এফ-১)ঃ আমেরিকান নাগরিকদের অবিবাহিত পুত্র-কন্যাঃ অক্টোবর ২২, ২০১৫।

দ্বিতীয়ঃ পারমানেন্ট রেসিডেন্টদের স্বামী/স্ত্রী, সন্তান এবং অবিবাহিত ছেলে ও মেয়েরাঃ

এ. (এফ২এ)ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের স্বামী/স্ত্রী এবং ২১ নিম্ন বয়সের ছেলে ও মেয়েরাঃ নভেম্বর ১৫, ২০২১।

বি. (এফ ২বি)ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত ছেলে ও মেয়েরা (২১ বছর বা তদুর্ধবয়সী ছেলে ও মেয়েরাঃ মে ০১, ২০১৬।

তৃতীয়ঃ (এফ-৩)ঃ আমেরিকান নাগরিকদের বিবাহিত পুত্র-কন্যাঃ ০১ এপ্রিল ২০১০।

চতুর্থঃ (এফ-৪) ঃ প্রাপ্তবয়স্ক আমেরিকান নাগরিকদের ভাই-বোনঃ ০১ আগস্ট, ২০০৭।

এ বিষয়ে এবং চাকরি ভিত্তিক ভিসার প্রাপ্যতা জানতে চাইলে ইউএস ডিপার্টমেন্ট অব স্টেটের ওয়েব সাইট ভিজিট করুন।

**প্রেসিডেন্ট বাইডেন ইউএস সিটিজেনদের বৈধকাগজপত্রহীন (আনডকুমেন্টেড) স্বামী/স্ত্রীর জন্য গ্রিনকার্ড পাওয়ার একটি পন্থার ঘোষণা দিয়েছেনঃ**

গত ১৭ জুন ২০২৪ ইউএস হোমল্যান্ড সিকিউরিটি ডিপার্টমেন্ট (ডিএইচএস) প্রস্তাবিত কর্মসূচি ঘোষণা দিয়েছে। এই কর্মসূচি ইউএস সিটিজেনদের বৈধকাগজপত্র ছাড়া স্বামী/স্ত্রীর জন্য ইউএস ত্যাগ না করেই তাদের গ্রিনকার্ড পেতে সহায়তা করবে। এই গুরুত্বপূর্ণ পয়েন্টগুলো সকলের অবগতির জন্য নিম্নে উল্লেখ করা হলো। এ ব্যাপারে যোগ্যহতে নিম্নে উল্লেখিত শর্তপূরণ জরুরী বিদেশি নাগকিরদের জন্যঃ

* প্রবেশ বা প্যারোল ব্যতিত বর্তমানে ইউএসএতে থাকা জরুরী নয়;

* জুন ১৭, ২০২৪ সাল থেকে কমপক্ষে ১০ বছর ইউএসএ'তে অব্যাহতভাবে থাকতে হবে;



**এই পদ্ধতি কীভাবে কাজে আসবে?**

**এডজাস্টমেন্টে অব স্ট্যাটাসঃ**

আপনি যদি ইউএস সিটিজেন হিসেবে ইউএ-সএ'তে অবস্থান করেন এবং আপনার স্বামী/স্ত্রী ও (স্পাউস) যদি এদেশে অবস্থান করেন, সেক্ষেত্রে এডজাস্টমেন্ট স্ট্যাটাস ইউএস থেকেই করা যাবে।

পরের প্রশ্ন হচ্ছে, স্ট্যাটাস এডজাস্টমেন্টের জন্য কী কী শর্ত পূরণ করতে হবে?

সহজ কথায় হচ্ছে এডজাস্টমেন্ট অব স্ট্যাটাসের আবেদনের যোগ্যতা কী? এর জন্য যোগ্যতা আর কিছু নয়- ইউএস'র প্রবেশ বৈধ হলেই হবে।

ইউএসএ'তে ভিসা ছাড়া প্রবেশ করলে সেক্ষেত্রে স্বামী/স্ত্রীকে (স্পাউস) দেশে ফিরে যেতে হবে এবং তাদের সাক্ষাতকার সেই দেশের ইউএস এমব্যাসী বা কন্স্যুলেটে দিতে হবে। বাইডেন প্রাশসনের নতুন আইনে প্রেসিডেন্টে অবাধ ক্ষমতা দেয়া হয়েছে। ইউএস এর প্রেসিডেন্ট পরও স্বামী/স্ত্রীকে (স্পাউস) প্যারোল দিতে পারেন। সেক্ষেত্রে তিনি এখানেই সাক্ষাতকার দিতে পারেন। এক্ষেত্রে একজন এটর্নীর পরামর্শ চাইলে তিনি আপনাকে সুপরামর্শ দেবেন। এবং সুপরামর্শের জন্য অভিজ্ঞ এটর্নীল কাছে গেলে তিনি সহজ ভাষায় সবকিছু বুঝিয়ে বলবেন। যার মাধ্যমে আপনার পক্ষে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা সম্ভব হবে।

**ইউএসসিআইএস নতুন ফি বৃদ্ধি করেছে যা ২০২৪ সালের ১ এপ্রিল থেকে কার্যকর হয়েছেঃ**

৩১ জানুয়ারী, ২০২৪ তারিখে ইউএসসিআইএস ফি পরিবতৃনের আবেদনের জন্য নতুন বিধি ঘোষণা করেছে, ২০২৪ সালের ১ এপ্রিল থেকে কার্যকর করার লক্ষ্যে। নতুন ফি সম্পর্কে বিস্তারিতভাবে জানার জন্য ইউএসসাইআসে এর ওয়েব সাইট ভিজিট করুন। নতুন ফি'র তালিকা অনেক পরিবার, মান-বিক ও কর্মসংস্থান ভিত্তিক ইমিগ্রেশন আবদনের পরিবর্তন আনবে। অধিকাংশ ক্ষেত্রে আবেদনের ফি বৃদ্ধি পাবে।

পরবর্তী সংখ্যায় এ ব্যাপারে বিস্তারিত প্রকাশ করার প্রত্যাশা রইল।

**কুইন্স থেকে এস চৌধুরীর প্রশ্নঃ**

আমি ইউএস সিটিজেন। আমার আবেদনের প্রেক্ষিতে আমার স্ত্রী গ্রিনকার্ড নিয়ে এদেশে এসেছে। আমার স্ত্রী যে গ্রিনকার্ড পেয়েছে সেই গ্রিনকার্ড হচ্ছে কন্ডিশনাল গ্রিনকার্ড। এ ব্যাপারে আমি অনভিজ্ঞ। আপনার পরামর্শ প্রত্যাশা করছি। আশা করি পরামর্শ পাব।

**এস চৌধুরী প্রশ্নের উত্তরঃ**

আপনার স্ত্রী একজন কন্ডিশনাল গ্রিনকার্ডধারী। আপনাদের বিয়ের ২ বছর পূর্ণ না হতেই যদি আপনার স্ত্রী গ্রিনকার্ড পেয়ে থাকেন তবে সেই গ্রিনকার্ড হচ্ছে কন্ডিশনাল গ্রিনকার্ড। ইমিগ্রেশন নিয়ম অনুযায়ী কন্ডিশনাল গ্রিনকার্ডের মোদ শেষ হবার আগেই ইমিগ্রেমনে ঐ কন্ডিশনার রিমুভ করার জন্য এবং পারমানেন্ট গ্রিনকার্ড ইস্যু করার জন্য আবেদন করতে হয়। এ কারণে আপনার স্ত্রীকে তার কন্ডিশনাল গ্রিনকার্ডের মেয়াদ শেষ হবার আগেই তার কন্ডিশনাল রিমুভ করার জন্য আবেদন জানাতে হবে। আর এই পারমানেন্ট গ্রিনকার্ডের মেয়াদ ১০ বছর পর্যন্ত বহাল থাকে।

পারমানেন্ট গ্রিনকার্ড ইস্যু করার জন্য ফর্ম আই-৫৭১ ফাইল করতে হয়। সেখানে স্বামী-স্ত্রী উভয়কেই সই দিতে হয়। ফর্ম আই-৭৫১ এর জন্য যথাযথ ফি দিতে হয়। আর স্বামী-স্ত্রী একত্রে বসবাসের স্বপক্ষে তথ্যপত্র সংযোগ করে দিতে হয়। যেমন- বাড়ির লিজ, ইউলিটি বিল, ক্রেডিট কার্ড বিল, ইন্স্যুরেন্ট পলিসি, হেলথ ইন্স্যুরেন্স কার্ড, ব্যাংক স্টেমেন্ট, যৌথ ট্যাক্স রিটার্ন, বাচ্চা থাকতে তাদের বার্থ সার্টিফিকেট।

ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা: ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।

ফোন: ২১২-৫১৩-৭৪৭৪

ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০

ই-মেইল:

kazmiandreeves@gmail.com এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

**অনুবাদ: হুসনে এ. বেগম।**


Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990

517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

* Immigration Cases & Appeals * Bankruptcy Cases

* Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

*আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।*

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।

অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

# মুহাম্মাদ (সাঃ) এর বিশেষ

(শেষের পাতার পর)

দু'টো হলো: এক, "ফাতিহাতুল কিতাব" অর্থাৎ সুরাতুল ফাতিহা দুই, "সুরা বাকারার শেষ অংশ"। এর যে কোন হরফ পড়া হবে তার মধ্যকার প্রার্থিত বিষয় তাকে দেয়া হবে। কোন কোন হাদীসে বলা হয়েছে, যে ব্যক্তি সুরা বাকারার শেষ দু'টো আয়াত রাতে পড়বে তা তার জন্য সে রাতের জন্য যতেষ্ট হবে। মুসলিম শরহে নবাবী ১ম খন্ড ২৭১ পৃষ্টায় বলেছেন, যতেষ্ট হওয়ার অর্থ হলো- রাতের নফল সালাত আদায় করা কিংবা শয়তানের অনিষ্ট থেকে কিংবা বিপদাপদ থেকে বাঁচার জন্য যতেষ্ট হওয়া। হাদীস একাডেমী সূরা বাকারার শেষ দু'আয়াত সংক্রান্ত হাদীস নং ১৭৬৫ ব্যাখায় বলেছেন: সুরা বাকারার শেষের দু'টি আয়াত প্রত্যক রাতে পাঠ করার বিষয়টি হলো: সুখময় জীবন লাভ এবং সমস্ত প্রকারের অমঙ্গল থেকে সুরক্ষিত হওয়ার উপাদান। প্রত্যেক রাতে পাঠ করলে মহান আল্লাহর সাথে মুসলিম ব্যক্তির ভরসা সঠিক পন্থায় দৃঢ় হয়। তাই মুসলিম ব্যক্তির জন্য এ দু'টো আয়াত অর্থসহ মুখস্থ করা উচিত।

আবদুল্লাহ ইবনে আব্বাস রা: থেকে বর্ণিত। তিনি বলেন, একদিন জিবরীল আ: নবী সা: এর কাছে বসেছিলেন। সে সময় তিনি উপর দিক থেকে দরজা খোলার একপা প্রচ- আওয়াজ শুনতে পেয়ে মাথা উঠিয়ে বললেন: এটি আসমানের একটি দরজা। আজকেই এটি খোলা হ'ল-ইতোপূর্বে আর কখনো খোলা হয়নি। আর এ দরজা দিয়ে একজর মালায়িকাহ পৃথিবীতে নেমে আসলেন। আজকের এ দিনের আগে আর কখনো তিনি পৃথিবীতে আসেননি। তারপর তিনি সালাম দিয়ে বললেন: আপনি দুটো নূর বা আলোর সুসংবাদ গ্রহণ করুন। দুটো আপনাকে দেয়া হয়েছে, যা আপনার পূর্বে আর কোন নবীকে দেয়া হয়নি। আর ঐ দু'টি নূর হল, 'ফাতিহাতুল কিতাব বা সূরা আল ফাতিহা' এবং 'সূরা আল বাকারার শেষ অংশ'। এর যে কোন হরফ আপনি পড়বেন তার মধ্যকার প্রার্থিত বিষয় আপনাকে দেয়া হবে।"(মুসলিম:১৭৬২, আন্তর্জাতিক নং ৮০৬, বাবু ফাদায়েলুল কুরআন ওমা এতা'আল্লাকু বিহি, বাবু ফাদলিল ফাতিহাতে ওয়া খাওয়াতিমে সুরাতিল বাকারাহ....., ইফা:১৭৪৭, ই.সে:১৭৫৪)

আবু মাসউদ আল আনসারী রা: থেকে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ সা: বলেছেন: যে ব্যক্তি সূরা আল বাকারার শেষের এ দু'টি আয়াত পড়বে তা সে রাতে ঐ ব্যক্তির জন্য যতেষ্ট হবে। এ হাদীসটির একজন বর্ণনাকারী আবদুর রহমান ইবনে ইয়াযীদ বর্ণনা করেছেন, একদিন আবু মাসউদ বাইতুল্লাহর তাওয়াফ করছিলেন এমন সময় আমি তাকে এ হাদীসটির বিষয়ে জিজ্ঞেস করলে তিনি আমাকে নবী সা: থেকে হাদীসটি বর্ণনা করে শুনালেন।(মুসলিম: ১৭৬৫, আন্তর্জাতিক নং ৮০৮, বাবু ফাদায়েলুল কুরআন ওমা এতা'আল্লাকু বিহি, বাবু ফাদলিল ফাতিহাতে ওয়া খাওয়াতিমে সুরাতিল বাকারাহ....., ইফা:১৭৫০, ই.সে:১৭৫৭)

প্রথম হাদীসটিতে বলা হয়েছে যে,"এর যে কোন হরফ আপনি পড়বেন তার মধ্যকার প্রার্থিত বিষয় আপনাকে দেয়া হবে।" তাহলে আমাদেরকে জানতে হবে যে দুটি নূরে তথা সুরা ফাতিহা ও বাকারার শেষ আয়াতে আমরা আল্লাহর কাছে কি প্রার্থনা করছি। এবং সেই প্রার্থিত বিষয়ের দিকে লক্ষ্য রেখেই আমাদেরকে কায়মনোবাক্যে আল্লাহর কাছে চাইতে হবে। সুরা ফাতিহা আল কুরআনের সর্বশ্রেষ্ট দু'আ। এই সুরার মাধ্যমে আমরা প্রার্থনা করছি," প্রশংসা একমাত্র আল্লাহর জন্য যিনি নিখিল বিশ্ব-জাহানের রব। যিনি পরম দয়ালু ও করুণাময়। প্রতিদান দিবসের মালিক। আমরা একমাত্র তোমারই ইবাদাত করি এবং একমাত্র তোমারই কাছে সাহায্য চাই। তুমি আমাদের সোজা পথ দেখাও। তাদের পথ যাদের প্রতি তুমি অনুগ্রহ করেছো। যাদের ওপর গযব পড়েনি এবং যারা পথভ্রষ্ট হয়নি।" (সুরা ফাতিহা)

আমরা এ সুরায় প্রার্থনা করছি, হে রহমান-রহিম ও বিচার দিবসের মালিক! তুমি আমাদেরকে চিন্তা ও কর্মের সরল ও সুস্পষ্ট রাজপথটি দেখাও। জীবনের প্রত্যেকটি শাখা প্রশাখায় এবং প্রত্যেকটি বিভাগে, চিন্তা, কর্ম ও আচরণের এমন বিধি-ব্যবস্থা আমাদের শেখাও, যা হবে একেবারেই নির্ভুল, যেখানে ভুল দেখা, ভুল কাজ করা ও অশুভ পরিণামের আশংকা নেই, যে পথে চলে আমরা সাফল্য ও সৌভাগ্যের অধিকারী হতে পারি। কল্পিত দর্শনের গোলকধাঁধাঁর মধ্য থেকে যথার্থ ও নির্ভুল নৈতিক চিন্তা-দর্শন আমাদের সামনে উপস্থাপিত কর। যে পথে তোমার প্রিয়জনেরা চলে তোমার অনুগ্রহ লাভ করেছেন এবং সাফল্যের মঞ্জিলে পৌঁছতে পেরেছেন। তাঁরা বিভ্রান্ত হননি এবং তোমার গযবেও নিপতিত হননি।

সুরা আল বাকারার শেষ দু'আয়াতে আমরা প্রার্থনা করছি,"রাসুল তার রবের পক্ষ থেকে তার ওপর যে হিদায়াত নাযিল হয়েছে তার প্রতি ঈমান এনেছেন। আর যেসব লোক ঐ রাসুলের প্রতি ঈমান এনেছে তারাও ঐ হিদায়াতকে মনে প্রাণে স্বীকার করে নিয়েছে। তারা সবাই আল্লাহকে, তাঁর ফেরেশতাদেরকে, তাঁর কিতাবসমুহকে ও তার রাসুলদেরকে মানে এবং তাদের বক্তব্য হচ্ছে: "আমরা আল্লাহর রাসুলদের একজনকে আর একজন থেকে আলাদা করি না। আমরা নির্দেশ শুনেছি ও অনুগত হয়েছি। হে প্রভু! আমরা তোমার কাছে গোনাহ মাফের জন্য প্রার্থনা করছি। আমাদেরকে তোমারই দিকে ফিরে যেতে হবে।

আল্লাহ কারোর ওপর তার সামর্থ্যের অতিরিক্ত দায়িত্বের বোঝা চাপান না। প্রত্যেক ব্যক্তি যে নেকী উপার্জন করেছে তার ফল তার নিজেরই জন্য এবং যে গোনাহ সে অর্জন করেছে, তার প্রতিফলও তারই বর্তাবে।(হে ঈমানদারগণ, তোমরা এভাবে দু'আ চাও) হে আমাদের রব!ভুল-ভ্রান্তিতে আমরা যেসব গোনাহ করে বসি, তুমি সেগুলো পাকড়াও করো না। হে প্রভু! আমাদের ওপর এমন বোঝা চাপিয়ে দিয়ো না, যা তুমি আমাদের পূর্ববর্তীদের ওপর চাপিয়ে দিয়েছিলে। হে আমাদের প্রতিপালক! যে বোঝা বহন করার সামর্থ আমাদের নেই, তা আমাদের ওপর চাপিয়ে দিয়ো না। আমাদের প্রতি কোমল হও, আমাদের অপরাধ ক্ষমা করো এবং আমাদের প্রতি করুণা করো। তুমি আমাদের অভিভাবক। কাফেরদের মোকাবেলায় তুমি আমাদের সাহায্য করো।"(সুরা বাকারা:২৮৫-১৮৬)

আয়াত দু'টোতে প্রার্থীত বিষয়সমুহ:

এক, জীবন চলার পথে যদি কোন সময় ভুল-ভ্রান্তিতে পড়ে গোনাহ করে বসি, তাহলে তুমি গুলোর জন্য পাকড়াও করো না।

দুই, আমাদের পূর্ববর্তীরা তোমার পথে চলতে গিয়ে যেসব পরীক্ষা, ভয়াবহ বিপদ, দু:খ-দুর্দশা ও সংকটের সম্মুখীন হয়েছেন, তার হাত থেকে আমাদের রক্ষা করো। যদিও আল্লাহর রীতি হচ্ছে, যে ব্যক্তি সত্য ও ন্যায়ের অনুসরণ করার সংকল্প করেছে, তাকেই তিনি কঠিন পরীক্ষা ও সংকটের সাগরে নিক্ষেপ করেছেন এবং পরীক্ষার সম্মুখীন হলে মু'মিনদের কাজই হচ্ছে, পূর্ণ ধৈর্য ও দৃঢ়তার সাথে তার মোকাবেলা করা, তবুও মু'মিনকে আল্লাহ কাছে এই দু'আই করতে হবে যে, তিনি যেন তার জন্য সত্য ও ন্যায়ের পথে চলা সহজ করে দেন।

তিন, সমস্যা ও সংকটের এমন বোঝা আমাদের ওপর চাপাও, যা বহন করার ক্ষমতা আছে। আমাদের সহ্য ক্ষমতার বেশী দু:খ-কষ্ট-বিপদ আমাদের ওপর চাপিয়ে দিয়ো না। তাহলে আমরা সত্য পথ থেকে বিচ্যুত হয়ে যাবো।

চার, ইসলামী অনুশাসন কায়েমের সংগ্রামে বিপদ-আপদ ও জুলুম-নির্যাতন নেমে আসবেই। শারীরিক দুর্ভোগ ও আর্থিক ক্ষতির সম্মুখীন হতে হবে। এই সময় বিরুদ্ধবাদী শত্রুদের বিরুদ্ধে সামান্য তিক্ততা না দেখিয়ে আল্লাহর সাহায্য প্রার্থনা করতে হবে। যা রাসুলুল্লাহ সা: এর একটি বড় সুন্নাহ ছিল। চরম বিরোধীতার সময় তিনি আবেগ অনুভূতিকে কখনো অসংগত ও অনুপযোগী ধারায় প্রবাহিত না করে এই দু'আর ছাচে ঢালাই করেন।

একটি কথা মনে রাখতে হবে, দানকারী নিজেই যখন চাওয়ার পদ্ধতি বাতলে দেন, তখন তা পাওয়ার ব্যাপারে পূর্ণ নিশ্চিন্ত হওয়া যায়। তাই আর কুরআনের দু'আগুলো আমাদের জেনে থাকা ভালো। এ দূটো নূর উম্মতে মুহাম্মাদীর জন্য বিশেষ দুটো নিয়ামত। সুতরাং উল্লেখিত হাদীসের আলোকে এ আয়াতগুলোর উপর আমল করা উচিত।

# বাংলাদেশী ট্যাক্সি চালক

(শেষের পাতার পর)

হত্যা, বেপোয়া গাড়ি চালানো এবং রাস্তার পাসিং সুরক্ষা মার্কগুলো অমান্য করার কারণে অভিযুক্ত করা হয়। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে এই অপরাধের জন্য মোহাম্মদ ভূঁইয়ার ১ থেকে ৪ বছর কারাদ- হতে পারে।

মামলার নথির তথ্য অনুযায়ী জানা যায়, ২০২৩ সালের ২৭ নভেম্বর রাতে লং আইল্যান্ড সিটি এলাকায় মোহাম্মদ ভূঁইয়া ইয়েলো ট্যাক্সি চালাচ্ছিলেন। ৫৯ স্ট্রিট ব্রিজ থেকে নেমে নর্দান ব্লু-বার্ডের দিকে প্রায় ৩০০ ফুট ট্রাফিকের পশ্চিমমুখী লেনে গাড়ি না চালিয়ে পূর্বমুখী লেনে গাড়ি চালাচ্ছিলেন। এ সময় একটি স্কুটারে করে স্পাইরোপোলিস নামে ৫৯ বয়সী একজন ফুড ডেলিভারি দেওয়ার জন্য ঐ পথ দিয়ে যাচ্ছিলেন। রং ওয়েতে গাড়ি চালানোর কারণে স্পাইরোপোলিসর স্কুটারকে ধাক্কা দেন মোহাম্মদ ভুইয়া। মোহাম্মদ ভুইয়ার গাড়ির ধাক্কায় স্পাইরোপোলিস মারাত্মকভাবে আহত হন। তাকে সঙ্গে সঙ্গে এলেমহার্স্ট হাসপাতালে নেওয়া হয়। সেখানে চি-কিৎসাধীন অবস্থায় স্পাইরোপোলিম ২০২৩ সালের ১ ডিসেম্বর মারা যান।

এ ঘটনায় নিউইয়র্ক সিটির সংঘর্ষ তদন্ত স্কোয়াড এবং ডিস্ট্রিক্ট অ্যাটর্নির অফিস যানবাহন হত্যা ইউনিটের তদন্তে অভিযুক্ত হন মোহাম্মদ ভূঁইয়া এবং বিষয়টি বিচারিক কার্য পরিচালনায় গঠন করা হয় গ্র্যান্ড জুরি। ডিস্ট্রিক্ট অ্যাটর্নি অফিসের যানবাহন হত্যা ইউনিটের সরকারি ডিস্ট্রিক্ট অ্যাটর্নি জেনারেল ভিভিয়ান গঞ্জালেস, জনাথন সেলকো, ইউনিট প্রধান জন কোসিনস্কি, ব্যুরো প্রধান কারেন রস এবং নির্বাহী সরকারি অ্যাটর্নি জেনারেল শন ক্লার্ক মামলাটি পরিচালনা করছেন। তাঁকে গত ২১ মে গ্রেপ্তার করা হয়।

এদিকে কুইন্স ডিস্ট্রিক্ট অ্যাটর্নি মেলিন্ডা ক্যাটস বলেন, আমরা সবার নিরাপত্তা নিশ্চিত করতে চাই। চালকদের বেপোরোয়া এবং রংওয়েতে গাড়ি চালানোর মত অপরাধ মেনে নেবোনা। করবো না। মোহাম্মদ ভূঁইয়া ভুলের কারণে একজনকে প্রাণ দিতে হলো। আমরা সবার জন্য ন্যায়বিচার অব্যাহত রাখতে বদ্ধপরিকর।

# খালেদা জিয়ার

(প্রথম পাতার পর)

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার হৃদযন্ত্রে 'পেসমেকার' লাগিয়েছে বিশেষজ্ঞ চিকিৎসক টিম। খালেদা জিয়ার ব্যক্তিগত চিকিৎসক প্রফেসর ডা. এজেডএম জাহিদ হোসেন একথা জানান। উল্লেখ্য, ৭৯ বছর বয়সী খালেদা জিয়া ডায়াবেটিস, আর্থারাইটিস ছাড়াও হৃদরোগ, ফুসফুস, লিভার, কিডনি, বিভিন্ন জটিল রোগে ভুগছেন। ডা. এজেডএম জাহিদ হোসেন বলেন, ম্যাডামের হৃদরোগের সমস্যা পূর্ব থেকেই ছিলো। সেজন্য হার্টে বক ছিলো, একটা স্টেনটিংও (রিং) করা ছিলো। সব কিছু পর্যালোচনা করে এখন মেডিকেলে বোর্ড ম্যাডামের হার্টে পেসমেকার বসানোর সিদ্ধান্ত নেয়। পেসমেকার লাগানো সম্পন্ন হয়েছে। ডা. জাহিদ জানান, বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার পরিবার ও বিএনপি এজন্য দেশবাসীর কাছে দোয়ার চেয়েছেন।

পেসমেকার হৃদযন্ত্রের নিয়মিত ছন্দে চলতে সাহায্য করে। যখন হৃদযন্ত্রের স্পন্দন ঠিকমতো চলছে কি না সেটাও এই যন্ত্র তদারকি করে। চিকিৎসকরা জানান, হৃৎপিন্ডের ডান অ্যাট্রিয়াম প্রাচীরে উপর দিকে অবস্থিত বিশেষায়িত কার্ডিয়াক পেশিগুচ্ছে গঠিত ও স্বয়ংক্রিয় স্নায়ুতন্ত্রে নিয়ন্ত্রিত একটি ছোট অংশ যা বৈদ্যুতিক তরঙ্গ প্রবাহ ছড়িয়ে দিয়ে হৃৎস্পন্দন সৃষ্টি করে এবং স্পন্দনের ছন্দময়তা বজায় রাখে এই পেসমেকার।

জানা গেছে, দুপুর থেকে খালেদা জিয়ার হৃদপিন্ডে পেসমেকার লাগানোর কাজ শুরু করে এভারকেয়ার হাসপাতালের চিকিৎসকরা। হঠাৎ অসুস্থতার কারণে শুক্রবার গভীর রাতে বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়াকে অ্যাম্বুলেন্সে করে এভারকেয়ার হাসপাতালে ভর্তি করা হয়। হাসপাতালের ক্রিটিক্যাল কেয়ার ইউনিটে চিকিৎসকদের নিবিড় পর্যবেক্ষণে চিকিৎসাধীন আছেন। শনিবার থেকে কয়েক দফা মেডিকেল বোর্ড বৈঠকে বসে সাবেক প্রধানমন্ত্রীর হৃদপিন্ডে পেসমেকার লাগানোর সিদ্ধান্ত দেন।

হৃদরোগ বিশেষজ্ঞ প্রফেসর ডা. শাহাবুদ্দিন তালুকদারের নেতৃত্বে বিশেষজ্ঞ চিকিসকদের নিয়ে মেডিকেল বোর্ড বেগম জিয়া চিকিৎ-সাধীন আছেন।

বিশেষজ্ঞ চিকিৎসক প্রফেসর শাহাবুদ্দিন তালুকদারের নেতৃত্বে প্রফেসর ডা. এফএম সিদ্দিকী, প্রফেসর ডা. শামসুল আরেফিন, প্রফেসর ডা. একিউএম মহসিনসহ মেডিকেল বোর্ডের সদস্যরা কয়েক দফা বৈঠকে বসে সাবেক প্রধানমন্ত্রীর সর্বশেষ অবস্থা পর্যালোচনা করেছেন। মেডিকেল বোর্ডের এসব সভায় লন্ডন থেকে ডা. জোবায়েদা রহমানসহ যুক্তরাষ্ট্র, অস্ট্রেলিয়ার কয়েকজন বিশেষজ্ঞ চিকিৎসক ভার্চুয়ালি যুক্ত থাকেন।

প্রাথমিক নির্বাচনের বিজ্ঞপ্তি
আগামীকাল

মঙ্গলবার, ২৫ জুন, ২০২৫
ভোট-কেন্দ্রগুলো সকাল ৬টা থেকে রাত ৯টা পর্যন্ত খোলা থাকবে***

আপনি ভোট দিতে পারবেন কি না জানতে, আপনার ভোট-কেন্দ্র খুঁজে নিতে, নির্বাচন কর্মী হিসাবে কাজ করতে চাইলে অথবা একটি নমুনা ব্যালটের জন্য, দেখুন:

vote.nyc

অথবা টোল- ফ্রি: (866) 868-3692 • টিটিওয়াই: (212) 487-5496 নম্বরে কল করুন

*** প্রতিদ্বন্দ্বিতা না থাকার কারণে রিচমন্ড কাউন্টির ভোটকেন্দ্রগুলো বন্ধ থাকবে

দ্যা বোর্ড অব ইলেকশনস
ইন দ্যা সিটি অব নিউ ইয়র্ক
Executive Office, 32 Broadway, 7th Floor
New York York, NY 10004

কমিশনারস অব ইলেকশনস
Rodney L. Pepe-Souvenir — প্রেসিডেন্ট
Frederic M. Umane — সেক্রেটারি
Jose Miguel Araujo
Michael J. Coppotelli
Carol R. Edmead
Gino A. Marmorato
Jodi Morales
Simon Shamoun
Michele A. Sileo
Keith Sullivan

## বাংলাদেশের আগেই হাল

(প্রথম পাতার পর)

চারে ওঠার কোনো আশা দেখছেন না বাংলাদেশের অলরাউন্ডার সাকিব আল হাসান। শনিবার ভারতের কাছে ৫০ রানে হেরে যায় বাংলাদেশ। এতে আর আশা দেখছেন না সাকিব। বাংলাদেশের সাবেক অধিনায়ক বলেছেন, 'মনে হয় না ভারতের কাছে হারের পর তাদের আর সেমিফাইনাল খেলার কোনো সুযোগ আছে। চলমান টি-টোয়েন্টি বিশ্বকাপে বাংলাদেশ কেন ব্যর্থ, তার ব্যাখ্যায় সাকিব বলেন, 'ভারত, অস্ট্রেলিয়ার মতো দলের বিরুদ্ধে জিততে হলে নিজেদের সেরা খেলাটা খেলতে হয় কিন্তু তারা সেটির ব্যবহার ঠিকমত করতে পারেন নি। অস্ট্রেলিয়ার বিপক্ষে আফগানিস্তানের জয়ে খাতা-কলমে এখনো টি-টোয়েন্টি বিশ্বকাপের সেমিতে খেলার সম্ভাবনা রয়েছে বাংলাদেশের। তবে জটিল সেই সমীকরণে আস্থা নেই সাকিবের। মাটিতে পা রাখতে চান তিনি। আর আফগানদের হারিয়ে বিশ্বকাপের শেষটা রাঙাতে চান বিশ্বসেরা অলরাউন্ডার।

## টানা ৮ বছর বসন্তে

(প্রথম পাতার পর)

২০২৬ সাল থেকে হজ বসন্তকালে অনুষ্ঠিত হবে। টানা আট বছর বসন্তে পালিত হবে হজের যাবতীয় কার্যক্রম। এরপর শীতেও হজ অনুষ্ঠিত হবে। মূলত জলবায়ু পরিবর্তনজনিত কারণে এমনটি ঘটবে। তিনি বলেন, আগামী মৌসুমে গ্রীষ্মে হজ হবে। এরপর আট বছর বসন্তে চলে যাবে হজের কার্যক্রম। তারপর শীতকালে হজের আনুষ্ঠানিকতা সম্পন্ন হবে।

এদিকে সৌদি আরব পবিত্র ওমরাহ পালনে আগ্রহী ব্যক্তিদের জন্য ইলেকট্রনিক ভিসা বা ই-ভিসা চালু করছে। এই ভিসা মিলবে ২৪ ঘন্টার মধ্যেই। ভিসার মেয়াদ ৩০ দিন থেকে বাড়িয়ে ৯০ দিন করা হয়েছে। ভিসা পেতে লাগবে না স্বাস্থ্য পরীক্ষা। থাকছে না নারীদের জন্য পুরুষ অভিভাবক থাকার বাধ্যবাধকতাও। দেশটির হজ ও ওমরাহ-বিষয়ক মন্ত্রণালয় এ ভিসা চালুর ঘোষণা দিয়েছে। মন্ত্রণালয় জানিয়েছে, ওমরাহ পালনে সৌদি আরব যেতে আগ্রহী ব্যক্তিরা নুসুক অ্যাপ ব্যবহার করে ই-ভিসার জন্য আবেদন করতে পারবেন। এই অ্যাপের মাধ্যমে ওমরাহ পালনের জন্য আবেদনের ২৪ ঘন্টার মধ্যেই পাওয়া যাবে ভিসা। নতুন ব্যবস্থায় আরবি বর্ষপঞ্জির প্রথম মাস মহররমের প্রথম দিন ১৯ জুলাই ওমরাহ পালনে সৌদি আরবে যেতে পারবেন আগ্রহী ব্যক্তিরা।

## নিউইয়র্ক স্টেট সামার

(প্রথম পাতার পর)

স্ন্যাপ, অস্থায়ী সহায়তা বা কম মূল্যের স্কুল খাবার ক্রয়ের মতো প্রোগ্রামগুলোতে সংক্রিয়ভাবেযুক্ত হয়ে যায়। তবে এখনো অনেক পরিবারকে ইবিটির জন্য আবেদন করতে হবে বলে জানান তারা। কর্মকর্তারা বলেন, আবেদনের জন্য নিউইয়র্কের অফিসিয়াল ওয়েবসাইটে ভিজিট করতে হবে। ১২২ দিন পর অস্থায়ী এই প্রোগ্রামটির মেয়াদ শেষ হবে বলে জানা গেছে।

## ইমিগ্রেশন নীতি নিয়ে বাইডেন-

(প্রথম পাতার পর)

দীর্ঘসূত্রতার বেড়াজালে থেকে কতটুকু কার্যকর হবে সেটি নিয়ে চলছে আলোচনা-সমালোচনা এবং চুলচেরা বিশ্লেষণ। ইমিগ্রেশন বিশেষজ্ঞরাও এ নীতির পক্ষে-বিপক্ষে নানা যুক্তি দেখাচ্ছেন।

এদিকে জো বাইডেনের নতুন অভিবাসন নীতি ঘোষণার দুই দিন পর রিপাবলিকান প্রার্থী ও সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এবার জানালেন তিনি ক্ষমতায় গেলে যুক্তরাষ্ট্র থেকে বিদেশী শিক্ষার্থীরা স্নাতক সম্পন্ন করলে গ্রীণ কার্ড দেওয়া হবে। আগামী ২০ জুন একটি পডকাস্টে সাক্ষাতকারে এ কথাটি জানান ডোনাল্ড ট্রাম্প। অভিবাসীদের যুক্তরাষ্ট্রের জন্য 'বিষাক্ত রক্ত' মন্তব্য করা ট্রাম্পের এ নতুন ঘোষণা নিয়েও চলছে আলোচনা-সমালোচনা। নির্বাচনে অভিবাসীদের সমর্থন আদায়ে ট্রাম্পের এটি কৌশল বলে মন্তব্য করেছেন ইমিগ্রেশন বিশেষজ্ঞ ও কমিউনিটি নেতৃবৃন্দরা।

নতুন এ পদক্ষেপ ঘোষণা করে বাইডেন অবৈধ অভিবাসীদের সম্পর্কে উস্কানিমূলক ভাষা ব্যবহার করার জন্য ট্রাম্পের সমালোচনা করেন। বাইডেন বলেন, 'আমি সীমান্ত বা অভিবাসন নিয়ে রাজনীতি করতে আগ্রহী নই। আমি এটা ঠিক করতে আগ্রহী।'

অপরদিকে হোয়াইট হাউস সংশ্লিষ্ট কর্মকর্তাদের বক্তব্যের ভিত্তিতে ধারণা করা হচ্ছে, প্রায় পাঁচ লাখ আনডকুমেন্টেড অভিবাসী বাইডেনের নতুন এই পদক্ষেপে নাগরিকত্ব পাবেন। এ জন্য একজন অভিবাসীর ২০২৪ সালের ১৭ জুন যুক্তরাষ্ট্রে বসবাসের ১০ বছর পূর্ণ হতে হবে এবং যুক্তরাষ্ট্রের একজন নাগরিকের সঙ্গে বৈবাহিক সূত্রে আবদ্ধ হতে হবে। আমেরিকান নাগরিকের সঙ্গে বিবাহ বন্ধনে আবদ্ধ মা-বাবার ২১ বছর বয়সের কম বয়সী প্রায় ৫০ হাজার অনাগরিক শিশুও একইভাবে নাগরিকত্ব পাওয়ার সুযোগ পাবেন। এই যোগ্যতার ভিত্তিতে অভিবাসীর আবেদন অনুমোদিত হলে তিনি গ্রিন কার্ডের জন্য আবেদন করতে পারবেন এবং অস্থায়ী ওয়ার্ক পারমিট পাবেন। পরবর্তীতে যুক্তরাষ্ট্রে নাগরিকত্বের আবেদন করতে পারবেন।

এদিকে গত ২০ জুন বৃহস্পতিবার সিলিকন ভ্যালিতে এক পডকাস্টে দেওয়া সাক্ষাৎকারে ট্রাম্প বলেন, মেধাবীদের যুক্তরাষ্ট্রে নেয়ার প্রক্রিয়া তিনি সহজ করবেন এবং যারা কলেজ থেকে গ্র্যাজুয়েট করবেন তারা থাকতে পারবেন। সাক্ষাতকারে ট্রাম্প বলেন, এটা খুবই দুঃখজনক যখন আমরা হার্ভার্ড ও এমআইটিসহ অন্যান্য প্রতিষ্ঠানের গ্র্যাজুয়েটদের হারিয়ে ফেলি। গ্র্যাজুয়েট শেষ করার পরে স্বাভাবিকভাবেই গ্রিন কার্ড পাওয়া উচিত ও এক্ষেত্রে জুনিয়র কলেজগুলোও অন্তর্ভুক্ত হবে।

উল্লেখিত বিষয়ে বাংলাদেশী-আমেরিকান এটর্নী মীর এম মিজানুর রহমান টাইম টেলিভিশন-কে দেওয়া এক সাক্ষাতকারে বলেন, জো বাইডেনের নতুন এ অভিবাসন নীতিতে যা থাকছে তাতে যুক্তরাষ্ট্রে কমপক্ষে ১০ বছর বা তার বেশি সময় ধরে আনডকুমেন্টেড অবস্থান করছেন তারা উপকৃত হতে পারেন। আগে যেখানে সিটিজেন নাগরিক বিয়ে করে স্বামী কিংবা স্ত্রী এবং তাদের সন্তানেরা বৈধ নাগরিক হতে হলে যুক্তরাষ্ট্র থেকে দেশে ফিরে গিয়ে ফের বৈধভাবে ভিসা নিয়ে আসতে হতো। যা অনেকটাই দীর্ঘসূত্রতায় আটকা থাকতো। বাইডেনের নতুন এই নীতি কার্যকর হলে আনডকুমেন্টেড কেউ সিটিজেন নাগরিক বিয়ে করে অথবা তাদের আনকুমেন্টেড সন্তানেরা যুক্তরাষ্ট্রে থেকেই স্ট্যাটাস এডজাস্টমেন্ট করে গ্রীন কার্ড-নাগরিকত্ব পাবেন।

এটর্নি মীর এম মিজানুর আরো বলেন, অনেকেরই হয়তো জানা আছে বিভিন্ন দেশ থেকে এসে এখানকার মিলিটারীতে কর্মরত আছেন তাঁদের স্বজন স্ত্রী কিংবা সন্তানেরা এদেশে এসে স্ট্যাটাস এডজাস্টমেন্ট করে যুক্তরাষ্ট্রে বৈধ নাগরিকত্ব পেয়েছেন। এমন আইন আগে থেকেই ছিলো। এখন শুধু এটাকে প্রসারিত করা হয়েছে। এখন দেখার বিষয় বিচারিক কার্যে এ নীতিমালা টিকে থাকতে পারে কিনা। আর বাইডেনের পর ট্রাম্প বিদেশী শিক্ষার্থীদের গ্রীন কার্ড দেওয়ার পক্ষে যে ঘোষণা দিয়েছেন এসব নভেম্বরের নির্বাচনকে সামনে রেখে ভোটারদের আকৃষ্ট করার কৌশল মাত্র। নির্বাচনকে সামনে রেখে বাইডেন ও ট্রাম্পের হাতিয়ার হলো অভিবাসন নীতিমালা। তারা যে ঘোষণা দিয়েছেন নির্বাচনে জয়ী হওয়ার পর নিশ্চিত হওয়া যাবে তাদের এসব ঘোষণা কতটুকু কার্যকর হবে।

## কে হবেন কাবাঘরের

(প্রথম পাতার পর)

কাবাঘরের ১০৯তম চাবিরক্ষক। মৃত্যুকালে তাঁর বয়স ছিল ৭৯ বছর। স্থানীয় সময় গত শুক্রবার (২১ জুন) মারা যান তিনি। এরপর শনিবার (২২ জুন) ফজরের নামাজের পর পবিত্র মসজিদুল হারামে তাঁর জানাজার নামাজ অনুষ্ঠিত হয়। এরপর তাঁকে জান্নাতুল মুআল্লায় দাফন করা হয়। সৌদি সংবাদমাধ্যম আল-আরাবিয়ার এক প্রতিবেদনে এ তথ্য জানা যায়।

ড. সালেহ আল-শায়বির মৃত্যুতে মক্কা ও মদিনার পবিত্র দুই মসজিদের তত্ত্বাবধানকারী সাধারণ কর্তৃপক্ষ এবং ধর্মবিষয়ক পরিচালনা পর্ষদের পক্ষ থেকে গভীর শোক ও সমবেদনা জানান সৌদি আরবের হজ ও ওমরাহ বিষয়ক মন্ত্রী ড. তাওফিক আল-রবিয়াহ এবং শায়খ ড. আবদুর রহমান আল-সুদাইস।

খবরে বলা হয়েছে, মহানবী মুহাম্মদ (সা.)-এর মক্কা বিজয়কাল থেকে ৭৭তম এবং তাঁর পূর্বপুরুষ কুসাই বিন কিলাব-এর যুগ থেকে ১০৯তম চাবিরক্ষক হিসেবে দায়িত্ব পালন করেন ড. সালেহ আল-শায়বি। তিনি বিখ্যাত সাহাবি উসমান ইবনে তালহা (রা.)-এর বংশধর ছিলেন। যাঁর ব্যাপারে রাসুল (সা.) বলেছিলেন, 'হে তালহার বংশধর, তোমরা এ চাবি গ্রহণ কোরো। তোমাদের কাছে তা থাকবে। অত্যাচারী ছাড়া কেউ তা ছিনিয়ে নেবে না।'

মূলত জাহেলি যুগ থেকেই কাবাঘরের চাবি শায়বা গোত্রের কাছে থাকত। অষ্টম হিজরি তথা ৬২৯ খ্রিস্টাব্দে মক্কা বিজয়ের দিন রাসুলুল্লাহ (সা.) নিজেই ওই গোত্রের উসমান ইবনে তালহা (রা.)-এর কাছে চাবি হস্তান্তর করে তাকে সম্মানিত করেন। এর পর থেকে তাঁর বংশধররা ওই চাবি সংরক্ষণ করছেন। বর্তমান সময়ে তাদের কাছ থেকে চাবি নিয়েই বিভিন্ন সময় সৌদি আরবের বাদশাহ ও গণ্যমান্য ব্যক্তিরা পবিত্র কাবাঘরে প্রবেশ করে থাকেন।

ড. সালেহ আল-শায়বি ১৩৬৬ হিজরি সনে কাবাঘরের রক্ষণাবেক্ষণকারী মক্কার এক সম্ভ্রান্ত পরিবারে জন্মগ্রহণ করেন। ড. সালেহ মক্কার উম্মুল কুরা বিশ্ববিদ্যালয় থেকে ইসলাম শিক্ষায় পিএইচডি অর্জন করে অনেক বছর সেখানে শিক্ষকতা করেন। এরপর ১৯৮০ সালে তাঁর চাচা শায়খ আবদুল কাদির আল-শায়বির স্থলাভিষিক্ত হয়ে পবিত্র কাবাঘরের প্রধান রক্ষক হিসেবে নিযুক্ত হন। তখন থেকে আমৃত্যু তিনি এ দায়িত্ব পালন করে গেছেন। এ সময়ে তিনি শতাধিকবার পবিত্র কাবাঘর পরিচ্ছন্নতা ও ধৌত কার্যক্রম পরিচালনা করেছেন।

কে হবেন কাবাঘরের ১১০তম চাবির বাহক

এদিকে পবিত্র কাবাঘরের ১১০তম চাবি বাহক কে হতে যাচ্ছেন তা নিয়ে সৌদি সংবাদমাধ্যমে কয়েকজনের নাম উঠে এসেছে। তাদের একজন হলেন আবদুর রহমান এবং অন্যজন হলেন আবদুল মালিক আল-শায়বি। এক্ষেত্রে বংশের প্রবীণতম ব্যক্তির পরামর্শ নেওয়া হয়। অবশ্য নিয়োগের চূড়ান্ত বিষয়টি সৌদি রাজকীয় আদালতের মাধ্যমে সম্পন্ন হবে।

গত পাঁচ বছর ধরে সালেহ আল-শায়বির সহকারী হিসেবে তাঁর ছেলে আবদুর রহমান কাজ করেন। এরপর তাঁর চাচাতো ভাই আবদুল মালিক আল-শায়বি সহকারী হিসেবে দায়িত্ব পালন করেন।

সালেহ আল-শায়বির ছেলে আবদুর রহমান জানান, তাঁর পিতা চাইতেন, পবিত্র কাবাঘরের চাবি ও তত্ত্বাবধান তাঁর (ছেলে) কাছে হোক। তবে তাঁর (পিতার) ইচ্ছাকে সম্মান জানানো না হলে পবিত্র এ ঘরের তত্ত্বাবধানের দায়িত্ব তাঁর চাচা আবদুল ওয়াহাব আল-শায়বির হাতে যাবে।

আবদুর রহমান বলেন, 'বাবাকে বিদায় জানানো জীবনের সবচেয়ে কঠিন ও দুঃখজনক মুহূর্তগুলোর মধ্যে একটি। কিছুদিন আমার বাবা অসুস্থতায় ভুগছিলেন। তবে তাঁর ধৈর্যশক্তি ছিল খুবই প্রবল। তিনি ছিলেন দৃঢ় মনোবলের অধিকারী। আমার পরিবার এমন একজন মানুষের জন্য আল্লাহর ইচ্ছা মেনে নিয়েছে যিনি সর্বদা সবার কাছাকাছি ছিলেন এবং পরিবারের সেবায় নিজের জীবন উৎসর্গ করেছেন।'

সালেহ আল-শায়বির ছেলে আবদুর রহমান আল-শায়বি বলেন, বাবাকে বিদায় জানানো জীবনের সবচেয়ে কঠিন ও দুঃখজনক মুহূর্তগুলোর মধ্যে একটি। কিছুদিন আমার বাবা অসুস্থতায় ভুগছিলেন। তবে তাঁর ধৈর্যশক্তি ছিল খুবই প্রবল। তিনি ছিলেন দৃঢ় মনোবলের অধিকারী। আমার পরিবার এমন একজন মানুষের জন্য আল্লাহর ইচ্ছা মেনে নিয়েছে যিনি সর্বদা সবার কাছাকাছি ছিলেন এবং পরিবারের সেবায় নিজের জীবন উৎসর্গ করেছেন।

ড. সালেহ আল-শায়বি ১৩৬৬ হিজরি সালে কাবাঘরের রক্ষণাবেক্ষণকারী মক্কার এক সম্ভ্রান্ত পরিবারে জন্মগ্রহণ করেন। ড. সালেহ মক্কার উম্মুল কুরা বিশ্ববিদ্যালয় থেকে ইসলাম শিক্ষা পিএইচডি গ্রহণ করেন। এরপর দুই দশকের বেশি সময় সেখানে শিক্ষকতা করেন। ১৯৮০ সালে তাঁর চাচা শায়খ আবদুল কাদির আল-শায়বির সহকারী হয়ে পবিত্র কাবাঘরের রক্ষণাবেক্ষণের দায়িত্ব পালন করেন। ২০১৩ সালে তাঁর চাচার মৃত্যুর পর তিনি প্রধান চাবি রক্ষক হিসেবে দায়িত্ব গ্রহণ করেন। তখন থেকে আমৃত্যু তিনি এ দায়িত্ব পালন করে গেছেন। এ সময়ে তিনি শতাধিক বার পবিত্র কাবাঘর পরিচ্ছন্নতা ও ধৌত কার্যক্রম পরিচালনা করেছেন।

মহানবী মুহাম্মদ (সা.)-এর মক্কা বিজয়কাল থেকে ৭৭তম এবং তাঁর পূর্বপুরুষ কুসাই বিন কিলাব-এর যুগ থেকে ১০৯ তম চাবিরক্ষক হিসেবে দায়িত্ব পালন করেন ড. সালেহ আল-শায়বি। তিনি বিখ্যাত সাহাবি উসমান ইবনে তালহা (রা.)-এর বংশধর ছিলেন। যাঁর ব্যাপারে রাসুল (সা.) বলেছিলেন, 'হে তালহার বংশধর, তোমরা এ চাবি গ্রহণ কোরো। তোমাদের কাছে তা থাকবে। অত্যাচারি ছাড়া কেউ তা ছিনিয়ে নেবে না।'

মূলত জাহেলি যুগ থেকেই কাবাঘরের চাবি শায়বা গোত্রের কাছে থাকত। অষ্টম হিজরি তথা ৬২৯ খ্রিস্টাব্দে মক্কা বিজয়ের দিন রাসুলুল্লাহ (সা.) নিজেই ওই গোত্রের উসমান ইবনে তালহার (রা.) কাছে চাবি হস্তান্তর করে তাকে সম্মানিত করেন। এরপর থেকে তাঁর বংশধরেরা ওই চাবি সংরক্ষণ করছেন। বর্তমান সময়ে তাদের কাছ থেকে চাবি নিয়েই বিভিন্ন সময় সৌদি আরবের বাদশাহ ও গণ্যমান্য ব্যক্তিবর্গ পবিত্র কাবা ঘরে প্রবেশ করে থাকেন। তথ্যসূত্র : আরব নিউজ




## ৩০ জুন সদস্য নবায়ন শেষেই

(শেষের পাতার পর)

গ্রেটার নোয়াখালী সমিতি ইউএসএ'র নেতৃত্ব দিয়েছেন 'রব-মিন্টু'। অপরদিকে সোসাইটির সাবেক সাধারণ সম্পাদক আতাউর রহমান সেলিম ও সাবেক কোষাধ্যক্ষ মোহাম্মদ আলী নীতিগতভাবে প্যানেল গঠনের ব্যাপারে ঐক্যমত হয়েছেন এবং এটি 'সেলিম-আলী' প্যানেল হবে। তবে এই প্যানেল গঠন নিয়েও অভ্যন্তরে নানা হিসাব-নিকাশ চলছে। কেননা, সোসাইটির নির্বাচন এখন একটি ব্যয়বহুল নির্বাচনে পরিণত হয়েছে। নির্বাচনী ব্যয়ের কথা চিন্তা করে অনেকেই এগিয়ে আসছেন না।

তবে সংশ্লিস্ট সূত্রগুলো বলছে- আগামী ৩০ জুন সদস্য নবায়নের পর ভোটার তালিকা দেখেই প্যানেল চূড়ান্ত করা হবে। সেক্ষেত্রে কার কত ভোট হতে পারে তা বিবেচনায় নিয়ে আসা হবে। আর সদস্য নবায়নের জন্য শীর্ষ পদের সম্ভাব্য প্রার্থীরা তাদের মতো করে কাজ করছেন। তবে এবার প্রবাসীদের মধ্যে সদস্য বা ভোটার হতে তেমন আগ্রহ পরিলক্ষিত হচ্ছে না। সদস্য নবায়ন ফর্ম হাতে নিয়ে দ্বারে দ্বারে ঘুরছেন, এলাকায় এলাকায়। প্রতিটি ফর্ম জনপ্রতি ২০ ডলার। আজীবন সদস্য ফি স্বামী-স্ত্রী ৫০০ ডলার। নগদ অথবা ক্রেডিট কার্ডের মাধ্যমে এই অর্থ পরিশোধ করা যাবে। গত নির্বাচনে ভোটার ছিলেন ২৭ হাজার ৫৫০জন। ধারণা করা হচ্ছে এবছর ১০/১২ হাজার সদস্য/ভোটার হওয়ার সম্ভাবনা রয়েছে।

সদস্য ভোটার বিষয়ে সোসাইটির প্রচার ও জনসংযোগ সম্পাদক রিজু মোহাম্মদের সাথে যোগাযোগ করা হলে তিনি বলেন, সোসাইটির নির্বাচন হবে। এজন্য সকল প্রস্তুতি নেয়া হচ্ছে। আশা করছি যথা সময়েই নির্বাচন হবে। চলছে সদস্য নবায়ন কর্মসূচী। আগামী ৩০ জুন সদস্য নবায়সের শেষ দিন। এর আগে বলার কোন সুযোগ নেই যে, এবার কতজন সদস্য ভোটার হলেন। এজন্য আমাদেরকে অপেক্ষা করতে হবে।

অপরদিকে সোসাইটির নির্বাচন ঘিরে সম্ভব্য প্রার্থীদের 'বায়োডাটা'র খোঁজ খবর নিচ্ছেন প্রতিপক্ষ প্রার্থীরা। খতিয়ে দেখা হচ্ছে বর্তমান আর অতীত কর্মকান্ড। সে ক্ষেত্রে কেউ কেউ আশংকা করছেন মামলা-মোকদ্দমার। যা কমিটির কাম্য নয়।

## এক স্লিপ

(শেষের পাতার পর)

এজন্য কোন কোন অনুষ্ঠান শুরু হচ্ছে রাত ৯টার দিকে। শনিবার (২২ জুন) এক অনুষ্ঠানে গিয়ে দেখা গেলো সন্ধ্যা ৭টার অনুষ্ঠান শুরু হলো রাত ৯টার দিকে, শেষ হলো মধ্য রাত ১টার দিকে। অনুষ্ঠানে একে একে বক্তব্য দিলেন উপস্থিত প্রায় সকলেই (উপস্থিত সাংবাদিক ব্যতিত)। আর মজার ব্যাপার হলো যে, অনেকে বক্তা বক্তব্য দিয়ে চলে গেলেন। অনুষ্ঠানের মুল বক্তারা বক্তব্য রাখলেন মধ্য রাত ১২টার দিকে, তাই আবার হাতে গোনা কয়েকজন দর্শক-শ্রোতার সামনে। আয়োজকদের একজনের দৃষ্টি আকর্ষণ করা হলে তিনি অকপটে বললেন- বুঝতেই পারছেন যে, গ্রুপিং-ট্রুপিং আছে। তাই সবাইকে বক্তব্য দেওয়ার সুযোগ না দিলে বা অন্তত নাম না ডাকলে 'উল্টোপথ ধরতে পারেন। তাই আর কী? তার কথায় আর কোন মন্তব্য করতে পারলাম না।

২৩ জুন ২০২৪

## নিউইয়র্কের জেলে আটক

(প্রথম পাতার পর)

তার শরীরে হাত দিয়ে হেনস্তার অভিযোগ করেছেন সেটি পুরোপুরি মিথ্যা। ঐদিন ট্রেনে ভিড়ের মধ্যে দাঁড়িয়ে ছিলেন রনি। এ সময় রনি থেকে অনেকটা দূরত্বে থাকা এক নারী আচমকা চিৎকার শুরু করেন। তার চিৎকারে পুলিশ সেখানে আসলে ঐ নারী হাত ইশারা দিয়ে রনিকে দেখান। কোনকিছু বুঝে উঠার আগেই পুলিশ তাকে আটক করে নিয়ে জেল হাজতে পাঠিয়ে দেয়। রনির দাবি সে প্রতিহিংসার শিকার। নিউইয়র্কে তার নিজের ঘনিষ্ঠ আত্মীয় স্বজন কেউ নেই। বিনামূল্যে একজন আইনজীবি সহযোগিতা করছেন তাকে। কিন্তু বন্ডের নির্ধারিত জরিমনার অর্থ না দিতে পারায় তার জামিন হচ্ছে না। জেলহাজতে থেকে নিজেকে নির্দোষ প্রমাণ করাও অসম্ভব। তাই রনি নিউইয়র্কে বসবাসরত বাংলাদেশীদের সহযোগিতা কামনা করেছেন।

## স্তন্যপায়ীদের শরীরেও 'বার্ড ফ্লু'র সন্ধান

(প্রথম পাতার পর)

মিলেছে। সাম্প্রতিক সপ্তাহগুলিতে জুনোটিক সংক্রমণের বৃদ্ধি লাগামছাড়া ভাবে বৃদ্ধি পেয়েছে। এমন কী যুক্তরাষ্ট্রের চারজন ব্যক্তির শরীর থেকেও এই ভাইরাস এর খোঁজ মিলেছে। বিশেষজ্ঞরা বলছেন, আগে বার্ড ফ্লু' বন্য পাখি এবং গার্হস্থ্য হাঁস-মুরগির মধ্যে সীমাবদ্ধ ছিল, কিন্তু এখন ভাইরাসটি কুকুর ও বিড়ালের শরীরেও পাওয়া যাচ্ছে। যুক্তরাষ্ট্রের ৩১ ষ্টেটের কুকুর ও বিড়ালের মধ্যে বার্ড ফ্লু' ভাইরাস সনাক্ত করা হয়েছে, সুতরাং বার্ড ফ্লু এই মূহুর্তে শুধু পাখিদের শরীরেই বহন করছে না। পশুদের শরীরেও বইছে বার্ড ফ্লু'র সংক্রমণ। তবে প্রাথমিকভাবে বিশেষজ্ঞরা জানাচ্ছে, ভাইরাসটি দুগ্ধজাত পণ্যকে প্রভাবিত করবে না।

## প্রবাসীদের অর্থ নিয়ে স্মল

(প্রথম পাতার পর)

কেন বন্ধ রয়েছে এ বিষয়ে জানতে চাইলে তারা বিষয়টি এড়িয়ে বলেন, ঈদের আগে যত অর্থ স্মল ওয়ার্ল্ডের মাধ্যমে পাঠানো হয়েছে সেটা নির্ধারিত গ্রাহক পেয়েছেন। মানি ট্রান্সফার কার্যক্রম বন্ধ কিনা সেটা স্পষ্ট করেননি। এ দিকে স্মল ওয়ার্ল্ডের প্রতিনিধি মিন্টু সাহার সাথে ফোনে এই প্রতিবেদক যোগাযোগ করলে তিনি বলেন, 'আমি অসুস্থ, হাসপাতালে আছি বলে ফোনটি কেটে দেন।'

বিভিন্ন সূত্রের তথ্যমতে, যুক্তরাজ্য ভিত্তিক এ মানি ট্রান্সফার প্রতিষ্ঠানটি যুক্তরাজ্য, যুক্তরাষ্ট্রসহ বিশ্বের ১৯ টি দেশে এক যুগেরও বেশি সময় ধরে তাদের এ কার্যক্রম চালিয়ে আসছিলো। গত ৮ জুনের আগে নিউইয়র্কে থাকা প্রায় সহস্রাধিক প্রবাসী বাংলাদেশরা সহ বিভিন্ন দেশে তাদের স্বজনদের কাছে ঈদদুল আযহা উপলক্ষে অর্থ পাঠিয়েছিলেন। কিন্তু সে সকল গ্রাহকের অধিকাংশের স্বজনরা দেশে অর্থা পাননি বলে অভিযোগ করেছেন। এদিকে স্মল ওয়ার্ল্ড মানি ট্রান্সফার হঠাৎ করে তাদের ব্যবসার সকল কার্যক্রম বন্ধ করে দিয়েছে বলে জানা গেছে। বিষয়টি জানার পর নিউইয়র্ক থেকে যারা রেমিট্যান্স পাঠিয়েছিলেন তারা প্রতিষ্ঠানটির প্রতিনিধি এবং সাব এজেন্টদের সাথে যোগাযোগ করে কোন সুরাহা পাননি। এতে করে ওই সকল গ্রাহকরা নিজেদের কষ্টার্জিত অর্থ ফেরত পাবেন কিনা সে বিষয়ে উৎকণ্ঠায় রয়েছেন।

জ্যাকসন হাইটসের এক ব্যবসায়ী নাম প্রকাশ না করার শর্তে জানান, আমরা কমিশন এজেন্ট হিসেবে স্মল ওয়ার্ল্ডের মাধ্যমে অর্থ পাঠাতাম। ঈদের আগে বেশ কয়েকজন প্রবাসীর অর্থ পাঠিয়েছি। কিন্তু হঠাৎ প্রতিষ্ঠানটির সকল কার্যক্রম বন্ধ হয়ে যাওয়ায় গ্রাহকরা আমাদেরকে এসে তাদের প্রেরীত অর্থ ফেরত পেতে চাপ দিচ্ছেন। প্রতিষ্ঠানটি আমাদের নির্দিষ্ট করে কোন কিছুই বলছে না। প্রতিষ্ঠান অর্থ না দিলে আমরা কিভাবে সে অর্থ ফেরত দেবো।

নিউইয়র্কে বসবাসরত ফাহিম চৌধুরী বলেন, এরকম একটি ঘটনা শুনেছি। এতে করে আমরা যারা প্রবাসের কষ্টার্জিত আয় দেশে পাঠাই, তারা কতটুকু নিশ্চিন্ত থাকতে পারি মানি ট্রান্সফার প্রতিষ্ঠানগুলোর উপর। এরকম ঘটনা যদি আবারো ঘটে তাহলে বৈধ উপায়ে কতজন অর্থ পাঠাবেন দেশে।

জ্যামাইকায় একটি রেস্টুরেন্টে কর্মরত শাহীন খান বলেন, এখানে পরিশ্রম করে যা আয় করি তার একটি অংশ প্রতিমাসে দেশে পাঠাতে হয় পরিবারের জন্য। রেমিটেন্স কোম্পানি যদি এরকম হঠাৎ লাপাত্তা হয়ে যায় তাহলে আমাদের আস্থার জায়গাটি কোথায়? তিনি ঘটনাটির সুষ্ঠু তদন্তের মাধ্যমে জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা ও যারা অর্থ পাননি, সেটা যাতে ফেরত পেতে পারেন সংশ্লিষ্টদের প্রতি তার দাবী জানান।

ভুক্তভোগীরা তাদের অর্থ ফেরত পাওয়ার সম্ভাবনার বিষয়টি জানিয়ে মানি ট্রান্সফার প্রতিষ্ঠান স্ট্যান্ডার্ড এক্সপ্রেসের প্রেসিডেন্ট এন্ড সিইও মোহাম্মদ মালেক বলেন, এটি কোন অস্বাভাবিক বিষয় নয়, যে একটি ব্যবসা প্রতিষ্ঠান তার ব্যবসা বন্ধ করে দেবে। তবে এটি দু:খজনক বিষয়। প্রবাসীরা যে বেনিফেসিয়ারীর কাছে টাকা পাঠিয়েছেন আর তারা টাকা না পেয়ে থাকেন তাহলে এ সেক্টরে আস্থার সংকট তৈর হতে পারে। তবে গ্রাহক টাকা ফেরত পেতে পারেন। কারণ মানি ট্রান্সফার ব্যবসা শুরুর আগে লাইসেন্স নিতে নিউইয়র্কের আইন অনুযায়ী প্রতিষ্ঠানকে ব্যাংকে সিকিউরিটি মানি কিংবা বন্ড দিতে হয়। তাই ব্যাংকিং ডিপার্টমেন্টে প্রয়োজনীয় ডকুমেন্ট নিয়ে অভিযোগ করে টাকা ফেরত পেতে পারেন।






# যাত্রাভিনয়!

(শেষের পাতার পর)

এসে ভর্তী হলাম সবে চালু হওয়া জামালপুর হাইস্কুলে, ক্লাশ এইটে। হেড স্যার নিজামউদ্দিন আহমদ একটা সরকা রি অনুষ্ঠানে দুই বিঘা জমিতে উপেন সাজিয়ে মঞ্চে নামিয়ে দিলেন। সেই শুরু। এরপর গভর্ণমেন্ট হাইস্কুলে এসে বার্ষিক নাটক 'শপথ'। স্কুল মাষ্টার। রাস্তার ছেলে। শিশির ভেজা শিউলী। একটার পর একটা। শহরে কোথাও নাটক হলে মোটামুটি ডাক পরে। গুরু মোজাম্মেল হোসেন। শহরের একজন ব্যস্ত নাট্য পরিচালক। উনি যে নাটক পরিচালনা করবেন তাতে নায়কের ভূমিকায় আমি, নিদেনপক্ষে ভাল একটা চরিত্রে। কিছুদিনের মধ্যে প্রবীন নাট্যকার শ্রদ্ধেয় শামসুল হুদা স্যারের নজরে পড়ি। তিনিও এখানে-ওখানে কাস্ট করতেন। মোটামুটি ব্যস্ত মঞ্চশিল্পী। শহরে পরিচিতিও হয়ে গেছে কিছুটা। তো একদিন মোজাম্মেল ভাই একটা 'খ্যাপ' পেলেন। পরিচালনার পাশাপাশি তিনি মেকআপও করতেন। শহর থেকে বেশ দুরে এক গ্রামে নাটক হবে, মোজাম্মেল ভাইকে ডাকা হয়েছে মেকআপ দেওয়ানোর জন্য। আমাকে বললেন যাবা নাকি? যাবা নাকি মানে! কোথাও নাটকের নাম শুনলে নাওয়া খাওয়া ভুলে যাই। পার্ট না থাকলেও রিয়ার্সালে গিয়ে বসে থাকি। সেখানে গুরু যাচ্ছেন খ্যাপে, আমি যাবো না! মোটামুটি দুইদিনের সফর। যেদিন যাবো সেদিন রাতে ওদের স্টেজ রিয়ার্সাল। পরের রাতে শো। পর দিন নাওয়াখাওয়া করে রওনা। শহর থেকে বেশ কয়েক মাইলের হাঁটা পথ। গ্রামের নামটা আজ মনে নাই। সেকালে গ্রামে সব মেঠো পথ। একটু চওড়া হলে গরুর গাড়ী চলে। রিকশার বালাই নাই। একমাত্র দ্রুতগামী বাহন হচ্ছে সাইকেল। দুপুরের খাবার খেয়ে আমরা রওনা হই। মোজাম্মেল ভাইয়ের হাতে মেকআপ বক্স। রেললাইন পার হয়ে বেশ কয়েক মাইল হেঁটে সন্ধ্যার আগ দিয়ে গিয়ে পৌছাই নির্দিষ্ট বাড়ীতে। আমন্ত্রক আব্দুস সামাদ, ডাক নাম খোকন। হালকা পাতলা গড়ন। মোজাম্মেল ভাইয়ের বন্ধু। তার বাড়ীর পাশে খোলা চত্বরে মঞ্চ বাঁধা হয়েছে। তিনিই পরিচালক। গিয়ে জানলাম নাটক না, হবে যাত্রাপালা। বন্দীর ছেলে। জামালপুরের বার্ষিক এগজিবিশনের যাত্রামঞ্চে এ পালা আমি দেখেছি। বাবুল বা গনেশ অপেরা করতো।

মোজাম্মেল ভাই আমাকে পরিচয় করিয়ে দেন। আমাদের থাকার জায়গা হয় সম্ভবত: বাড়ীর বৈঠক-খানায়। সারা পথ হেঁটে এসেছি। খেয়ে কিছুটা বিশ্রাম নেই। আমার কোন কাজ নাই। শুধু দেখা। দরকার হলে গুরুকে কিছু সাহায্য করা। রাতে স্টেজ রিয়ার্সাল। জান-লাম মোজাম্মেল ভাইয়ের জন্যও একটা পার্ট রাখা হয়েছে। তিনি হবেন নির্যাতিত প্রজা। স্ক্রিপ্ট আ গেই পা ঠি য়ে দেওয়া হ য়ে ছিল। প ড়ে রে খে ছেন। পরিচালক সাহেব রাজার কূটীল এবং অত্যাচারি নায়েব। রুম থেকে বের হয়ে একটু হাঁটাহাটি করছি দেখি একটি ছেলে সালাম দিয়ে এগিয়ে এলো। জানালো শহরে বা পাশের কোন স্কুলে পড়ে। পাবলিক লাইব্রেরী মঞ্চে এক নাটকে আমার সাথে ছোট একটা চরিত্রে অভিনয় করেছে। এই যাত্রাপালায় সে নায়ক।

রাতে খাওয়াদাওয়ার পর স্টেজ রিয়ার্সাল। চলবে ভোর পর্যন্ত। আমরা গিয়ে উপস্থিত হই। এদিকে শোরগোল ওঠে নায়ককে পাওয়া যাচ্ছে না। সবাই এসে গেছে নায়ক নাই। নায়ক ছাড়া রিয়ার্সাল শুরু করা যাচ্ছে না। খোঁজ খোঁজ। গেল নায়ক সাইকেল নিয়ে বিকেলেই বাসা থেকে বের হয়ে গেছে, দুর কোন গ্রামে বোনের বাড়ীতে যাবে। যাওয়ার আগে একজনকে বলে গেছে আমার সাম নে সে নায়কের ভূমিকায় অ ভিনয় করতে পারবে না। এ জন্য পালাচ্ছে। সবার মাথায় হাত। মাস দুইতিনেক রিয়ার্সাল দিয়েছে, সবার পার্টও প্রায় মুখস্ত। এর মধ্যে নায়ক ভাগোয়াট। কে করবে এ চরিত্র। আজই শেষ রিয়ার্সাল। কাল শো।

সবাই মিলে গবেষণায় বসে। এই এক রাতের মধ্যে অমন একটা গুরুত্বপূর্ণ চরিত্রে কাকে তৈরী করা সম্ভব! শেষে বিস্তর মাথা ঘামিয়ে খোকন সাহেব আর মোজাম্মেল ভাই সমাধান বের করলেন। ওই চরিত্র আমাকে করতে হবে। শুনে আমার আক্কেল গুড়ুম। নায়ক মানে পাঁচ অংকের পালার অধিকাংশ দৃশ্যেই ইন। তার ওপর যাত্রা। বিশাল বিশাল ডায়লগ। সেগুলো মুখস্থ থাকতে হয়। তাছাড়া অভিনয়রীতি সম্পূর্ণ ভিন্ন। কোনকোন দৃশ্যে ঢুকতে হবে কি করতে হবে কিছুই জানি না, এনারা বললেন আর মঞ্চে উঠে যাবো! আমি প্রবলবেগে মাথা নাড়ি। এখন অবস্থা এমন, আমি যদি না করি, পালাই হবে না। এক রাতের মধ্যে কারও পক্ষে এই চরিত্র তোলা সম্ভব না। তিন মাস ধরে রিয়ার্সাল দিয়েছে। আশেপাশের কয়েক গ্রামজুড়ে ঢোল। গ্রামবাসী মোটামুটি রিয়ার্সাল দেখেই পালা জেনে গেছে। কারও কারও কিছু ডায়লগও মুখস্থ। গ্রামদেশে তাই হয়। তারপরও আলো ঝলমল মঞ্চে সাজ পোষাক পরি-হিত হাবা পটলা আবুল কাবুলদেরকে দেখতে কেমন লাগে, কেমন তারা নর্তনকুর্দন করে, এটাও একটা দেখার আগ্রহ। খোকন সাহেবের এক কথা, পালা হতেই হবে। প্রেস্টিজ ইস্যু। এখন ভরষা আমি।

মোজাম্মেল ভাই বোঝান। উন্মুক্ত মঞ্চ। পাশেই বই নিয়ে প্রম্পটার থাকে। প্রম্পট শুনে শুনে ডায়লগ বললেই চলবে। কোনকোন দৃশ্যে প্রবেশ বই দেখে জেনে নেওয়া যাবে। আর কোন দৃশ্যে কি কাজ তা তো রাতের রিয়ার্সালে বুঝিয়ে দেওয়া হচ্ছে। খোকন সাহেবের সাথে আগে পরিচয় ছিল না। কিন্তু এই কয়েক ঘন্টায় বেশ জমে গেছে। দেখি জামাই ডাকা শুরু করে দিয়েছেন। তখনও সম্ভবত: বিয়ে করেন নি। ভবিষ্যতে মেয়ে হলে আমার সাথে তার বিয়ে দেবেন, সেই সুবা দে জামাই! হাসি ঠাট্টায় বেশ অন্তরঙ্গতাও তৈরী হয়েছে। এসে বললেন জামাই তুমি ছাড়া রক্ষা করার কেউ নাই। যাত্রা না হলে এলাকায় সে আর মুখ দেখাতে পারবে না।

অগত্যা দুরুদুরু বুকে ঢেঁকি গিলতে হয়। মঞ্চে অভিনয় এক জিনিষ আর যাত্রাপালা সম্পূর্ণ ভিন্ন। উন্মুক্ত মঞ্চ। চতুর্দিকে দর্শক। টানা সংলাপ বলে যেতে হয়। উচ্চারণ ডেলিভারীপ্যাটার্ণ সম্পূর্ণ ভিন্ন। আসা যাওয়ার স্টাইল অঙ্গভঙ্গিমা টিপিক্যাল। যাই হোক, হ্যাজাক বাতির আলোয় সারারাত রিয়ার্সাল হয়। আমি মোটামুটি আসা যাওয়া, পজিশন আর সহচরিত্রগুলো সম্পর্কে ধারনা নেই। ভোররাতে শেষ করে এসে খানিকটা ঘুম। কয়েক ঘন্টা ঘুমিয়ে বইয়ে মুখ গুজে দেই। যদি কিছু ডায়লগ মুখস্ত করা যায়। সারা দিন বই নি য়ে। টেনশন। শেষ পর্যন্ত কি হয়। মানসম্মান থাকে কিনা। হাঁটি আর বই প ড়ি।

যাই হোক, সন্ধ্যার পর থেকে সাজগোজ শুরু হয়ে যায়। মঞ্চ রেডি। বেশ কয়েকটা হ্যাজাক লাইট জ্বালানো হয়েছে। পুরো এলাকা আলো ঝলমলে। মোজাম্মেল ভাই তার মেকআপের বাক্স খুলে বসে আছেন। আর্টিস্টরা আশপাশ দিয়ে ঘোরাফেরা করছে, কিন্তু তিনি কাউকে মেকআপ দিচ্ছেন না। কি ব্যপার! খবর গেল খোকন সাহেবের কাছে। ছুটে এলেন। মোজাম্মেল ভাই বললেন, ট্যাকা দে! মেকআপের জন্য কন্টাক্ট পাঁচ টাকা। টাকা হাতে না পেয়ে তিনি মেকআপ ধরবেন না। খোকন বললেন তুই শুরু কর টাকা তো পাবিই। মোজাম্মেল ভাইয়ের এক কথা। হাত গুটিয়ে বসে রইলেন।

খবর ছড়িয়ে পড়লো। মেকআপম্যানের কারনে পালা হচ্ছে না। কিছু উত্তেজিত তরুন যুবক এসে হাতা গুটিয়ে মাসল দেখিয়ে গেল। অভিনেতারা এটাওটা বলা শুরু করলো। কানে এলো বাইরে কারা বলাবলি করছে মেকআপ না দিয়া তারা শহরে ফিরা যায় কেমনে দেইখা নিমু না! এ ও অনুরোধ করে চললো। খোকন এসে রাগত: স্বরে বললো তুই কি সব ডুবাবি! তোর কারনে যাত্রা হইবো না! কাইল শহরে ফিরা যাওয়ার আগে ট্যাকা পাইলেই তো হইলো। এখন মেকআপ ধর। পোলাপান ক্ষেইপা যাইতেছে।

আমারও ভাবসাব খারাপ মনে হচ্ছিলো। মোজাম্মেল ভাইকে বলি, বলছে যখন ট্যাকা তো দিবোই, আপনে কাজ ধরেন। রাগে গড়গড় করতে করতে বলেন, এগোরে আমি চিনি। বুঝলাম, এমন পরিস্থিতিতে আগেও পড়েছেন। শেষ পর্যন্ত টাকা ছাড়াই কাজ করে বাড়ী ফিরতে হয়েছে। অগত্যা কি আর করা। গুরু মুখটা গম্ভীর করে চড়িয়ে থাপড়িয়ে একটা একটা করে মুখ পালিশ করে ছাড়তে লাগলেন। যার দাড়ি লাগাতে হবে এমন স্পিরিট গাম দিলেন ও তুলতে এক বোতল নারকেল তেল লাগবে। বিবেকের মাথায় এমন গাম দেন, আমার ধারনা তুলতে কোন তেল কুলাবে না, চুল ফেলে মাথা টাক হতে হবে! যাই হোক, মেকআপ দেওয়া হলো। ওদিকে মঞ্চে বিউগল বেজে ওঠে। এমন এক মোহন বাঁশী, বেজে উঠলে থির হয়ে বসে থাকা যায় না। আমরা গ্রীনরুমে যাই।

কাঁশার ঘন্টা পিটিয়ে পালা শুরু হলো। সবাই যে যার মত অভিনয় করে চলেছে। আমার ভরসা সাইডে বসা প্রম্পটার ভাই। এমন জোরে বলে, আমি বলার আগে দর্শকরা শুনে যায়! মোটামুটি ভালোই চলছিলো। আমি যে কেবল কাল কাস্ট হয়ে আজ মঞ্চে নেমেছি, খুব একটা বোঝা যাচ্ছিলো না বোধহয়। দর্শকদের হাততালি পাচ্ছিলাম, সহশিল্পীরা খোদ পরিচালকও পিঠ চাপড়ে বললেন ভাল হচ্ছে। উৎসাহ বেড়ে গেল। গোল বাঁধলো একটা দৃশ্যে এসে। সেনাপতির সাথে আমার সোর্ড ফাইট। দু'জনের হাতে খোলা তলোয়ার। কিভাবে লড়াই করতে হয় আগের রাতে দি নের বেলাও প্রাকটিস করেছি। স্ক্রিপ্ট অনুযায়ী এ লড়াইয়ে সেনাপতি হারবে আর আমি তাকে বন্দী করবো। উত্তুঙ্গ মিউজিকের সাথে দু'জন তলোয়ার চালিয়ে যাচ্ছি। হঠাৎ কি হলো, আমার হাতের তলোয়ারটা বাট থেকে খুলে দর্শকদের মধ্যে গিয়ে পরলো! আমি হতভম্ব, সেনাপতিও থ'! ওর হাতে তলোয়ার আমার হাতে শুধু বাট। এখন তো উল্টো আমিই পরাজিত হবো! স্ক্রিপ্টই উল্টা হয়ে গেল! মঞ্চে নানা ধরনের বিড়ম্বনার অভিজ্ঞতা ছিল, সেসব সামলে নিয়েছি। কিন্তু এ যে এক বিটকেলে পরিস্থিতি! কিভাবে ওকে বন্দী করবো! হঠাৎ কি মনে হয়, হাতের বাটটা ছুড়ে মারি ওর মাথা বরাবর। হতভম্ব সেনাপতি মাথাটা সড়িয়ে নিয়েছিল বলে রক্ষা। নইলে নির্ঘাৎ সে রাতে মার্ডার কেসের আসামী হয়ে যেতাম। সে বাট গিয়ে পড়লো দর্শকদের মাঝে। না, কারও মাথায় লাগে নি। কেউ একজন ক্যাচ ধরে ফেলেছিল। সেনাপতি হতবিহ্বল। এই সুযোগে আমি গিয়ে জাপটে ধরি তাকে। একেবারে নট নড়নচরন। সেনাপতি বন্দী হয়ে গেল। এখন তাকে বাঁধতে হবে। কি দিয়ে বাঁধি! প্রপ্স হিসেবে রশি থাকার কথা। কেউ দিয়ে দেয়নি। দেখি পাশে বসা প্রম্পটারের গলায় মাফ-লার। সেটাই টান দিয়ে এনে সেনাপতির হাত বেঁধে ফেলি। দর্শক হাতে তালি আর আনন্দধ্বনী করে ওঠে। আমি মিউজিকের তালেতালে মাফলার দিয়ে বাঁধা সেন-াপতিকে টেনে নিয়ে চলি। দৃশ্য শেষ হয়।

শেষের দিকের এক দৃশ্যে এসে নির্যাতীত প্রজার হাতে অত্যাচারি নায়েবের মার খাবে। দুই চরিত্রে অভিনয় করছেন দুই বন্ধু। পরিচালক সাহেব হচ্ছেন নায়েব মশয় আর প্রজা সেজেছেন গুরু মোজাম্মেল ভাই। সারা নাটকে নায়েব প্রজাদের ওপর অত্যাচার করায় দর্শকদের কাছে এক ঘৃণীত লোক। এখন এই নায়েবে যখন মার খাচ্ছে দর্শকদের উল্লাস ফেটে পড়ে। মোজাম্মেল ভাইও পাবলিক ডিমান্ড ফুলফিল করতে নায়েবকে নীচে ফেলে সমানে কিলঘুষি চালাতে থাকেন। তিনি যত মারেন নীচ থেকে নায়েব কোকায়, পাবলিক বলে মার শালারে আরও মার! মোজাম্মেল ভাইয়ের জোশও বেড়ে যায়। এক পর্যায়ে আমার মনে হতে লাগলো গুরু কি আসল মাইরই দিচ্ছেন। একেবারে গলা টিপে ধরে ঝাকানী! সন্দেহ হলো এভাবেই পাঁচ টাকা উসুল হ চ্ছে! খোকন সাহেব ফিসফিস করে বলছেন ওই শালা এমনে মারতেআছোস ক্যান! কে শোনে কার কথা! প্রায় মিনিট দশেক মেরে মোজাম্মেল ভাই হাঁফিয়ে যান। খোকন সাহেবের অবস্থা তখন কাহিল। উঠে দাঁড়ানোরও শক্তি নেই।

শেষ পর্যন্ত যাত্রা ভালই হয়েছিল। আমরা পরদিন সকালে নাশতা খেয়ে চলে এসেছিলাম। খোকন সাহেব গুরুকে সেদিন পাঁচ টাকা দিতে পারেন নি। সম্ভবত: বলেছিলেন পরে দেবেন। আদৌ দিয়েছিলেন কিনা কখনও জানা হয়নি। আমার নাট্যগুরু মোজাম্মেল হোসেন অনেক আগে প্রয়াত হয়েছেন। আব্দুস সামাদ খোকন প্রথমদিকে আব্দুল্লাহ আল মামুনের সহকারি হয়েছিলেন। পরে তিনি নিজে পরিচালক হয়ে কয়েকটি ছবি পরিচালনা করেছেন। কিছু টিভি নাটকও বানিয়েছেন। এখন ঢাকায় থাকেন।

নিউইয়র্ক,
২০ জুন, ২০২৪।


হোমিও চিকিৎসা



এস.কে.শর্মা
D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist

আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন। আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্দ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।

শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, Autism, Autistic, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা

আমরা আমেরিকার যে কোন স্টেট ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।

স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্ধতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

Homeopathy & Herbal
72-08 Broadway, Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804
BUSINESS HOURS: MONDAY-SATURDAY 11:30AM-8PM, SUNDAY CLOSED

ফার্মেসী PHARMACY & SURGICAL STORE
Free Diabetic machine
সীমিত সময়ের জন্য 15% Off
Vitamins, Nutrition & Homeopathic

একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মণিহারী, খেলনা সামগ্রী ও স্কুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।

ASTORIA PHARMACY
30-14 30th Ave. Astoria, NY 11102
Ph: 718-278-3772
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com

JACKSON HEIGHTS PHARMACY
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
Ph: 718-779-1444
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com

LONG ISLAND CITY CHEMISTS
30-12 36th Ave. Long Island City, NY 11106
Ph: 718-392-8049
e-mail: licchem@yahoo.com
www.drugcabinet.com

OPEN
10 am - 10 pm
Monday to Friday
Saturday
10 am - 5 pm

# সাহিত্য সাময়িকী

## অতিক্রম

### ফারুক মাহমুদ

অর্থতন্ত্রের সাফল্য নিয়ে
মানুষের গবেষণাগীতি
গাওয়া হয় বিচিত্র ভাষায়
কেউ এতে যুক্ত করে সমতার অর্ধ-আস্তরণ
মানবিক সৌধ আছে, এর মধ্যে নানা ধরনের
কান্না ঝুলে থাকে
কোনো কান্না ক্ষীণকণ্ঠ, কোনো কান্না বৃদ্ধ সৈনিকের
প্রত্ন-প্রদর্শনী

মানুষ সাফল্য খোঁজে
অনেকে তা পেয়ে যায় হাতের মুঠোয়
পায়ের ধ্বনির সঙ্গে যুক্ত থাকে ব্যর্থতার না-শব্দ রোদন

অর্থতন্ত্র বৃষ্টি নয়, শুধু এর আসন্ন আভাস...

থেমে যাব? পথ নেই। তার থেকে এসো
প্রকৃতির অংশ হই, স্থূল বৃত্ত অতিক্রম করি

## ভাঙন

### সুমন বনিক

জলের সন্ত্রাস
পাড়-ভাঙে, ভাঙে হাতের শাঁখা
উদ্বাস্তু মানুষের চোখে
বণপোড়া হরিণির লাফালাফি।
স্বপ্নের মৌতাত
লুকোচুরি খেলে,
হাহুতাশের মেঘের ফাঁকে
ঘুঘু ডানা মেলে।

মনের সাঁকো ভেঙে
খাদে পড়ে বেফানা মানুষ।

ভাঙনের শব্দে অস্তিত্বের টের পাই;
মুখ-ফিরে তাকিয়ে দেখি
জীবন জীবনে নাই!

## উঠানেরই দাম চিরদিন

### দুখু বাঙাল

মনের দোলায় বসে লাউদোলে দোল খায় এ কোন কইতর?
জানা-অজানার ভার সব তার বাকি সব নিষিদ্ধ ভোমর।

বলি তাকে যাবে লগে চলো যাই যত দূর দুই চোখ যায়
জাবরকাটার ঢঙে ভাবলেশশূন্য মনে বলে শুধু- হয়।

নড়ে না সে একদম মুছে যেতে থাকে সব পেছনের স্বর
সে থাকে স্থির হতে, ধীরলয়ে জমতে থাকে লাবণ্যের চর।

দেখো তো লোকের চোখে ঘুঘুর দুচোখ ভরা মায়া আছে কি না
হেসে বলে- ভালোবাসা কাদা হলে লেপটে যায় দেহ-মন-সিনা।

গুণীকে খেদায় বলি মায়ারও তো কায়া আছে চেনো তুমি ছাই
হাজার কাঁটার ভিড়ে জলজ কুসুম বলে- আমিই কানাই।

শুচি-শুদ্ধ তুমি শুধু- আউলা কথা কয় সে প্রেমিক গুনিন
উজানে তোমার জন্য- বাড়ি নয়, উঠানেরই দাম চিরদিন।

## প্রতিধ্বনিময়

### সিকানদার কবীর

তাঁকে পাবার আকাঙ্ক্ষায় যখনি তুলি দুই হাত
কেটে যায় দ্বন্দ্ব, পার্থিব সংশয়- সমূহ সংঘাত
মনোভূমি সিক্ত হয় বৃষ্টির অঝোর ধারায়
পত্রের মর্মরে জাগে সুর প্রকৃতি হয় বাঙ্ময়।

আকাশ ফিরায় মুখ কথা বলে অধীর হাওয়া
জ্যোতির্ময় দৃষ্টির উন্মেষ অভীষ্ট লক্ষে যাওয়া
ঘোর অমা ভেদ করে হেসে ওঠে অমল প্রভাত
অলৌকিক দূত দ্বারে মুহুর্মুহু করে করাঘাত।

আত্মার অর্গল ভেঙে খুলে যায় বদ্ধ কপাট
জাগে অন্তর ছিঁড়েফুঁড়ে হৃদয়ের বিবর্ণ মলাট
শৈল-সাগর বৃক্ষ পল্লব তাঁর সত্তার স্বাক্ষর
সর্বব্যেপে দীপ্যমান অমিয় পদ্যের অক্ষর।

আরণ্য শঙ্কা কেটে মূর্ত হন আপন বিভায়
জলে-স্থলে অন্তরীক্ষে তিনি প্রতিধ্বনিময়।

## ছুটির মুহূর্ত

### মেহেদী ইকবাল

জীবনের শুরুটা অন্যের অধীন
দুধ কারো জুটতে পারে
কারো হয়তো জুটবে না
ভাগ্য বলি আর যাই বলি
কারো সকালের আকাশ ঢেকে দিতে পারে সন্ধ্যার মেঘ
তবু সবার হৃদয়ে কিছু ছুটির মুহূর্ত থাকে
কিছু আনন্দ!

আমাদের বুঝতে হবে
বৃষ্টি আর বরফ কখনও এক নয়
জীবন
হতে পারে আনন্দময়
যদি আমরা জেনে যাই

কোন ঋতুতে ফুলেরা প্রস্তুতি নেয় প্রস্ফুটনের।

## কবিতা আহার

### মূল: মার্ক স্ট্রান্ড

### ভাষান্তর: আহমেদ খালেদ

আমার মুখের কোণ থেকে কালি ছুটছে
আমার মত সুখ নেই
কবিতা খাচ্ছিলাম।

গ্রন্থাগারিক যা দেখে তা বিশ্বাস করে না
তার চোখ বিষণ্ণ
এবং সে তার পোশাকে তার হাত দিয়ে হাঁটছে।

কবিতাগুলো চলে গেছে
আলো ম্লান
কুকুরগুলো বেসমেন্টের সিঁড়ি দিয়ে উঠে আসছে।

ওদের চোখের মণি লাল,
তাদের স্বর্ণকেশী পা ব্রাশের মত জ্বলছে।
দরিদ্র লাইব্রেরিয়ান তার পায়ে স্ট্যাম্প দিতে শুরু করে এবং
কাঁদতে শুরু করে।

সে বুঝতে পারে না।
যখন আমি আমার হাঁটুতে উঠে তার হাত চাটলাম,
সে চিৎকার করে।


আমি একজন নতুন মানুষ
আমি তার দিকে তির্যক এবং ঘেউ ঘেউ
আমি বইয়ের অন্ধকারে আনন্দে ঝাঁপিয়ে পড়ি।



Flight
LOWEST PRICE CHALLENGE
GLOBAL
NY 1 TRAVELS, INC
আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!
MIRZA M ZAMAN
37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com




GLOBAL
Tours & Travel
BOOK YOUR FLIGHT
WITH OUR OTA
www.globaltravelbd.com
"We provide 24/7 customer support"
FLIGHT
VISA
HOTEL
$300
OFF
CALL NOW
718-406-9745
718-200-2655
* Minimum $10000 cash purchase required
Md Shamsuddin
PRESIDENT & CEO
Global Tours & Travel
World Tours & Travel

Khalil Biryani House
খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট
সম্পূর্ন স্বাস্থ্যসম্মত উপায়ে প্রস্তুত
2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884
1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840
www.KHALILSFOOD.com




PEOPLE N TECH
DevOps
Scrum Master & Product Owner
[ 100% Scholarship for Training & Job Placement, Condition applied ]
Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019
Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019
Software Testing [QA] Training & Job Placement
New York In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
October 19, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
October 22, 2019
VA In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
November 16, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
November 26, 2019
www.piit.us


SHOWTIME MUSIC
GOLDEN AGE HOME CARE
Licensed Home Health Care Agency
PRESENTS
ঢালিউড ফিল্ম এন্ড মিউজিক এওয়ার্ড
বহির্বিশ্বের সর্বাধিক জনপ্রিয় অনুষ্ঠান
DALLYWOOD
FILM & MUSIC
AWARDS 2024
POWERED BY
rivertel
TICKETS AVAILABLE
KHAMAR BARI GROCERY
BOMBAY VIDEO
KHALIL BIRHANI HOUSE
SUCHANA SUPER MARKET
APNAR CHA GHOR
SUNDAY, 30TH JUNE 8PM
FOR MORE INFORMATION - 646 546 6038
VENUE - AMAZURA HALL 91 12 144TH, JAMAICA, NY 11435
TICKET PRICE
$50
$100
VIP $150
VVIP $250
CIP $500

























# তুলে ধরা হলো দেশ আর বাঙালী সংস্কৃতি

(শেষের পাতার পর)

স্কুলটির বাংলাদেশী বংশোদ্ভুত শিক্ষার্থী সহ অন্যান্য শিক্ষার্থীদের মাঝে বাংলাদেশ আর বাঙালী সংস্কৃতির সাথে পরিচিত করতেই এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। এ উপলক্ষ্যে গত ১৪ জুন শুক্রবার বিকেলে স্কুল মিলনায়তনে বর্ণাঢ্য অনুষ্ঠানের আয়োজন করা হয়। শতাধিক শিক্ষার্থী আর অভিভাবকদের উপস্থিতিতে অনুষ্ঠানটি হয়ে উঠে উৎসবমুখর।

বাংলাদেশ আর আমেরিকার জাতীয় সঙ্গীতের মধ্যদিয়ে শুরু হওয়া অনুষ্ঠান মালার মধ্যে ছিলো শুভেচ্ছা বক্তব্য, সাংস্কৃতিক অনুষ্ঠান, ফ্যাশন শো প্রভৃতি। অনুষ্ঠানের শুরুতে স্বাগত বক্তব্য রাখেন প্রিন্সিপ্যাল মিস কিম হিল। এছাড়াও শুভেচ্ছা বক্তব্য রাখেন স্কুলটির প্যারেন্ট কো-অর্ডিনেটর নাসরিন চৌধুরী ও আমন্ত্রিত অতিথি তারিকুল ইসলাম।

মূল অনুষ্ঠানের শুরুতে ভিডিওতে স্কুলের দুই শিক্ষার্থী বাংলাদেশ আর দেশের ইতিহাস সংক্ষেপে তুলে ধরে। অনুষ্ঠানের বিভিন্ন পর্বে গান আর নাচের মধ্য দিয়ে তুলে ধরা হয় বাংলাদেশ আর বাংলাদেশী শিল্প-সংস্কৃতি। এসব পর্বে স্কুলটির বাংলাদেশী বংশোদ্ভুত শিক্ষার্থী ছাড়াও অন্য কমিউনিটির শিক্ষার্থীরাও অংশ নেয়। শিক্ষার্থীদের অংশগ্রহনের গানের মাধ্যমে তুলে ধরা হয় টি-২০ বিশ্বকাপ ক্রিকেট আর বাংলাদেশ।

স্কুলের প্রিন্সিপ্যাল মিস কিম হিল সহ অন্যান্য শিক্ষকমন্ডলী বাংলাদেশী শাড়ী পড়ে অনুষ্ঠানে যোগ দেন। শাড়ী আর বাংলাদেশী সংস্কৃতির প্রশংসা করেন প্রিন্সিপ্যাল। অনুষ্ঠান সঞ্চালনা করেন প্রোগ্রাম অ্যাসিসটেন্ট রিজওয়ানা বসির। সার্বিক ব্যবস্থাপনায় ছিলেন স্কুলটির প্যারেন্ট কো-অর্ডিনেটর নাসরিন চৌধুরী ও মিউজিক টিচার টরেস। ক্যালিওগ্র্যাফিতে ছিলেন সাবেরা কাজী এবং ষ্টেট ডেকোরেশনে ছিলেন মিস ফ্লেমিং ও ওয়াগু।

উল্লেখ্য, নিউইয়র্ক সিটির ৫ বরোর মধ্যে কুইন্সের জ্যামাইকা বাংলাদেশী অধ্যুষিত অন্যতম এলাকা। এই এলাকার অন্যান্য স্কুলগুলোর মধ্যে পিএস ৯৫ কিউ অন্যতম। প্রিন্সিপ্যাল মিস কিম হিল জানান, স্কুলটিতে ১২ শ ছাত্র-ছাত্রীর মধ্যে ৫ শতাধিক শিক্ষার্থী বাংলাদেশী বংশোদ্ভুত। স্কুলটিতে বাংলাদেশ কালচারাল ফেস্টিভ্যাল আয়োজনে খুশি প্রবাসী বাংলাদেশীরা।









# মেধাবী ছাত্রী সোমাইয়ার গ্র্যাজুয়েশন সম্পন্ন

**নিউইয়র্ক:** এস্টোরিয়ায় বসবাসরত নিউইয়র্ক সিটি কলেজের শিক্ষার্থী সোমাইয়া রশীদ চলতি বছর গ্র্যাজুয়েশন সম্পন্ন করেছেন। মেধাবী ছাত্রী সোমাইয়া সিটির সেরা ৫ শিক্ষার্থীর মধ্যে একজন। তার বাবার নাম হারুনুর রশীদ তালুকদার আর মাতার নাম নাসিমা আক্তার। তিন ভাই-বোনের মধ্যে সোমাইয়া বড়। সোমাইয়ার ভবিষ্যত আরো উজ্জল ও সুন্দর কামনায় তার পিতা-মা সবার দোয়া কামনা করেছেন। তাদের দেশের বাড়ী মৌলভীবাজার জেলার কুলাউড়া উপজেলার ভাটেরা ইউনিয়নের মাইজগাওঁ গ্রামে। -প্রেস বিজ্ঞপ্তি।



আপনার অভিবাসন স্থিতি নির্বিশেষে

65 বছর ও উর্ধ্ববয়সী নিউ ইয়র্কবাসীরা এখন বিনামূল্যের স্বাস্থ্য বিমার উপযুক্ত বলে গণ্য হতে পারেন

ডাক্তার দেখানো
প্রেসক্রিপশন
মানসিক স্বাস্থ্য
হাসপাতালে ভর্তি হওয়া

আপনি যোগ্য কিনা তা বার করুন। আপনার ভাষায় নিরাপদ, বিনামূল্যের সহায়তা পেতে একজন স্বাস্থ্য বিভাগ নিবন্ধন কাউন্সেলরের সাথে কথা বলুন।
347-665-0214-তে কল করুন

আপনার কাছাকাছি একটি স্থান বার করুন
ভিজিট করুন nyc.gov/health/healthcoverage

NYC Health
Eric Adams
মেয়র
Ashwin Vasan, MD, PhD
কমিশনার

Immigrant Elder Home Care LLC

হোম কেয়ার



আপনার পিতা-মাতা, শ্বশুর-শাশুড়ী, প্রতিবেশী এবং বন্ধু বান্ধবদের সেবা দিয়ে অর্থ উপার্জন করুন।

আমরা সর্বোচ্চ পেমেন্ট করে থাকি

এতে কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।



Call Today:

Giash Ahmed
Chairman/CEO
917-744-7308

Dr. Md. Mohaimen
718-457-0813
Fax: 631-282-8386
718-457-0814

Nusrat Ahmed
President
718-406-5549

Email: giashahmed123@gmail.com
web: immigrantelderhomecare.com

Corporate Office
37-05 74st, 2nd Fl
Jackson Heights, NY 11372
917-744-7308, 718-457-0813

Jamaica Office
87-54 168th Street, 2nd Fl
Jamaica, NY 11432
718-406-5549

Long Island Office
1 Blacksmith Lane
Dix Hill, NY 11731
718-406-5549

Bronx Office
2148 Starling Ave.
Bronx, NY 10462
718-406-5549

Ozone Park Office
175 B Forbell Street
Brooklyn, NY 11208
718-406-5549

Buffalo Office
859 Fillmore Ave
Buffalo, NY 14212
718-406-5549

# বাংলাদেশ সোসাইটির সাবেক চার সভাপতি গুরুতর অসুস্থ

(শেষের পাতার পর)

জানা গেছে, ১৯৭৫ সালে প্রতিষ্ঠিত বাংলাদেশ সোসাইটির অন্যতম প্রতিষ্ঠাতা সদস্য ও প্রধান গঠনতন্ত্র রচনাকারী এবং সাবেক সভাপতি সৈয়দ হাসান ইমাম স্ট্রোকের শিকার হলে তার শরীরের একাংশ প্যারালাইজড হয়ে যায়। তিনি বর্তমানে লং আইল্যান্ডের পোর্ট ওয়াশিংটন এলাকার একটিরিহ্যাব সেন্টারে চিকিৎসাধীন রয়েছেন।

সোসাইটির ১৯৮৯-১৯৯০ সময়ের সভাপতি ফার্মাসিস্ট খুরশিদ আনোয়ার ক্যান্সারে আক্রান্ত হয়ে নিজ বাসায় চিকিৎসাধীন রয়েছেন।

অপরদিকে সোসাইটির দুই দুইবারের সভাপতি (১৯৯১-১৯৯২ এবং ১৯৯৫-১৯৯৬) আওলাদ হোসেন খান শারীরিক নানান অসুবিধার পাশাপাশি ক্যান্সারে আক্রান্ত হয়ে সময় অতিবাহিত করছেন। বর্তমানে শ্বাসকষ্ট জনিত অসুবিধার জন্য তিনি দীর্ঘদিন ধরে নর্থ শোর হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। তার ছোট ভাই সোসাইটির সাবেক সাধারণ সম্পাদক ও সাবেক প্রধান নির্বাচন কমিশনার মোহাম্মদ হোসেন খান রোববার (২৩ জুন) বার্তা সংস্থা ইউএনএ প্রতিনিধিকে এই তথ্য নিশ্চিত করেন।

বাংলাদেশ সোসাইটির ২০০১-২০০২ সালের সাবেক সভাপতি ও ১৬তম ফোবানা'র সাবেক কনভেনর (২০০২-২০০৩) ডা. মইনুল ইসলাম মিয়া ডিডিএস অসুস্থ্য হয়ে নিজ বাসায় চিকিৎসাধীন রয়েছেন।

এছাড়াও সোসাইটির ১৯৯৭-১৯৯৮-এর সভাপতি ও ফোবানা'র কনভেনর (১৯৯৮-১৯৯৯) ফার্মাসিস্ট আকতার হোসেন অসুস্থ হয়ে বাসায় অবসর জীবন-যাপন করছেন। তবে তিনি কালে-ভদ্রে দু'একটি অনুষ্ঠানে যোগ দিলেও অধিকাংশ সময় বাসার বাইরে বের হচ্ছেন না।

সোসাইটির সাবেক সাধারণ সম্পাদক মোহাম্মদ হোসেন খান ও একেএম ফজলে রাব্বী এক বিবৃতিতে সোসাইটির অসুস্থ সাবেক সভাপতিদের সুস্থতা কামনায় কমিউনিটির সকলের প্রতি দোয়া কামনা করেছেন। এছাড়াও সাবেক সাধারণ সম্পাদক ফখরুল আলম সোসাইটির অসুস্থ সাবেক ও বর্তমান কর্মকর্তাদের সুস্থতা কামনা করেছেন।

উল্লেখ্য, সোসাইটির অন্যান্য সাবেক সভাপতিদের মধ্যে ডা. মোহাম্মদ বিল্লাহ ডিডিএস (অবসর), ডা. ওয়াদুদ ভুইয়া, ডা. মোহাম্মদ হামিদুজ্জামান, মজিব-উর রহমান, নার্গিস আহমেদ, এম এ আজীজ (বর্তমানে ট্রাষ্টি বোর্ড চেয়ারম্যান) ও আজমল হোসেন কুনু সুস্থ জীবন-যাপন করছেন। অপরদিকে সাবেক সভাপতিদের মধ্যে সোসাইটির প্রথম আহবায়ক একেএম আব্দুল হক, ড. মোহাম্মদ ইউসুফ, ইঞ্জিনিয়ার আসাদুল হক, তহুর আহমেদ, মোহামম্মদ কাজী জাকারিয়া, ফার্মাসিস্ট এনামুল মালিক ও কামাল আহমেদ ইন্তেকাল করেছেন।

# অ্যাপার্টমেন্টে ভাড়া বৃদ্ধি


(শেষের পাতার পর)

নিউইয়র্ক সিটি রেন্ট গাইডলাইন বোর্ড অ্যাপার্টমেন্টে বসবাসকারী নিউইয়র্কবাসীর জন্য ভাড়া বৃদ্ধির পক্ষে ভোট দিয়েছে। গত ১৭ জুন সোমবার ভাড়া বৃদ্ধির অনুমোদন পাস হয়।

